

679 - B.L.


# GYMNASTICS

IN BENGALI,

PART I.

BY HARIS CHANDRA SARMÁ


OF  
PÁBNÁ.



SECOND EDITION.

CALCUTTA,  
92, Bow-Bazar Street.

1874.



# ব্যাঘাম শিক্ষা ।

---

প্রথমভাগ ।

শ্রীহরিশচন্দ্র শন্মু।

প্রণীত ।

দ্বিতীয়বার মুদ্রিত ।

---

কলিকাতা ।

১২ নং বহুবাজার ক্লৌট ।

---

সন ১২৮০ সাল ।

মূল্য ১০ চারি আনা ।

। विष्णु विद्या

। विष्णु विद्या

। विष्णु विद्या

। विष्णु

। विष्णु विद्या

। विष्णु

। विष्णु विद्या

। विष्णु विद्या

। विष्णु विद्या

To W. S. ATKINSON, Esq., M. A.,  
DIRECTOR OF PUBLIC INSTRUCTION,  
*Bengal, Behar & Orissa,*  
*&c. &c. &c.*

THIS LITTLE BOOK,  
IS,  
MOST RESPECTFULLY DEDICATED,  
WITH  
PERMISSION,  
AS AN HUMBLE ACKNOWLEDGMENT OF THE DEEP  
INTEREST, WHICH HE HAS EVER EVINCED IN  
THE CAUSE OE NATIVE EDUCATION,  
THE  
ZEAL AND ABILITY, WITH WHICH HE HAS CARRIED OUT  
VERY MANY REFORMS IN THE  
EDUCATION DEPARTMENT,  
AND THE  
WARM ENCOURAGEMENT,  
WHICH  
PHYSICAL EDUCATION,  
HAS RECEIVED  
AT HIS HANDS.

By his humble,  
but  
Sincere admirer,  
THE AUTHOR.

নানা শাস্ত্রাধ্যাপক অশেষ গুণ সম্পন্ন ।  
শ্রীল শ্রীযুক্ত ডবলিউ, এস, য্যাট্কিন্সন এক্স্কোয়ার এম, এ,  
ডিরেক্টর পবলিক ইন্স্ট্রিক্শন,  
বাংলা, বেহার এবং উত্তর ভাষা ।  
মহোদয়,  
অপ্রতিহত যশোভাজনেয় ।

---

এ দেশীয় যুবকদিগের স্বশিক্ষার জন্য  
আপনি যে মহান् যত্ন করিয়াছেন,  
আপনার্কর্তৃক  
শিক্ষা বিভাগের যে উন্নতি সিদ্ধ হইয়াছে,  
এবং ব্যারাম শিক্ষার পক্ষে  
আপনি যে প্রকার উদ্যোগী,  
তাহার জন্য আমরা সকলেই  
আপনার নিকট ক্রতজ্জ্বল  
এরূপ সামান্য গ্রন্থকে  
আপনার নামে অলঙ্কৃত করা।  
আমার পক্ষে স্পর্দ্ধার কার্য,  
কিন্তু  
আপনার অনুমতি প্রাপ্ত হইয়াছি বলিয়াই  
আমি এরূপ দুঃসাহসের কার্য করিয়াছি।  
ভরসা করি অনুগ্রহ করিয়া গ্রহণ করিবেন।

আপনার একান্ত  
বশস্বদ,  
শ্রীহরিশচন্দ্র শর্মা ।

ব্যায়াম শিক্ষার পুস্তক অভাৱ ছিল বলিয়া  
আমি এই ক্ষুদ্র পুস্তক প্ৰকাশ কৰিলাম। এইটী  
ব্যায়াম শিক্ষার প্ৰথম ভাগ। ইহা দুই অধ্যায়ে  
বিভক্ত। প্ৰথম অধ্যায়ে, উপক্ৰমণিকা, ব্যায়া-  
মেৰ ফল, পৰিচ্ছদ, আহাৰ, ব্যায়ামেৰ বিধান,  
ও দুৰ্ঘটনাৰ চিকিৎসা লিখিত হইয়াছে। উপ-  
ক্ৰমণিকাতে ব্যায়াম শিক্ষার আবশ্যকতাৰ বিষয়  
কিঞ্চিং প্ৰকাশিত হইয়াছে। দ্বিতীয় অধ্যায়ে,  
৬৭ প্ৰকাৰ ব্যায়াম বৰ্ণিত হইয়াছে। এবং  
মেই সকল ব্যায়ামেৰ প্ৰণালী পৰিষ্কাৰকপে  
মুৰুবিৰাৰ জন্য ৪৮ টা চিত্ৰ সন্নিবেশিত কৰা হই-  
যাছে। ইহাৰ দ্বিতীয় ভাগে ভাৰতবৰ্ষীয় ব্যায়াম  
বিস্তাৰিতকপে বৰ্ণন কৰিব বলিয়াই এক্ষুদ্র পু-  
স্তকে তাৰ বিশেষ উল্লেখ কৰিলাম না।  
তাৰ পাৰিপাটু বিষয়ে চেষ্টা কৰা হৈ নাই।  
যাহাতে সৰ্ব সাধাৱণেৰ বোধগম্য হয় তাৰ  
প্ৰতিই বিশেষ লক্ষ রাখি হইয়াছে। যদি এবি-  
ষয় কিঞ্চিম্বাৰও কৃতকাৰ্য হইয়া থাকি তাৰ  
হইলেই পৰিশ্ৰম সাৰ্থক মনে কৰিব।

ଶ୍ରୀ ହରିଷ୍ଟକ ପାତ୍ର ।

প্রথম বারের মুদ্রাঙ্কনে যে সকল ছাপার ভূল ছিল এবং ব্যায়ামের নামকরণে যে ক্রটিছিল, তাহা এবারে সাধ্যানুসারে সংশোধন করা হইয়াছে। ভারতবর্ষীয় পণ্ডিতগণ ব্যায়াম বিষয় যাহা লিখিয়াছেন তদ্বিষয়ে যে কতিপয় সংস্কৃত পংক্তি উদ্ধার করা হইয়াছিল, এবারে তাহার বাঞ্ছালা অর্থ সন্নিবেশিত করা হইয়াছে।

শ্রীহরিশচন্দ্র শর্মা ।

## সংবাদ পত্রের সমালোচনা ।

---

বঙ্গদর্শন চৈত্র সন ১২৮০ সাল ।

ব্যায়াম শিক্ষা প্রথম ভাগ শ্রীহরিশ্চন্দ্র শর্মা  
প্রণীত । কলিকাতা সন ১২৮০ সাল ।

ব্যায়াম শিক্ষার এই প্রথম গ্রন্থ, একপ গ্রন্থের  
বিশেষ প্রয়োজন ছিল । গ্রন্থখানি পাঠ করিয়া  
বোধ হয়, ব্যায়াম কার্যে বিশেষ সুনিপুণ এবং  
চিকিৎসা বিদ্যায় সুদক্ষ ব্যক্তির দ্বারা ইহা লি-  
খিত হইয়াছে । বন্ধুতঃ হরিশ বাবু যে কৃপ  
প্রতিষ্ঠা লক্ষ এবং কৃতবিদ্য চিকিৎসক, এগ্রন্থ-  
খানি তাহারই উপযুক্ত হইয়াছে । ইহা অতি  
সরল ভাষায় লিখিত হইয়াছে, এবং ব্যায়াম  
কৌশল এবং তদনুসঙ্গীক শারীরিক বিধান সকল  
অতি পরিষ্কৃতক্রমে বর্ণিত হইয়াছে । আমা-  
দিগের এমন বোধ হয় যে ইহার সাহায্যে, বিনা  
শিক্ষকেও ব্যায়াম কৌশল সকল অভ্যাস করা  
যাইতে পারে । এই গ্রন্থখানি ছাত্রদিগের শি-  
ক্ষার বিশেষ উপযোগী, এবং শিক্ষাবিভাগের  
কর্তৃপক্ষগণ বিদ্যালয় সমূহে ইহার পাঠের নিয়ম  
করেন, ইহা আমাদিগের বিশেষ অভিলাষ ।

ইহার মূল্য ও অতি অল্প, চারি আনা মাত্র।  
এই স্বমূল্যতা ও একপ গ্রন্থের বিশেষ একটি গুণ।

বাঙ্গালার পক্ষে ব্যায়াম শিক্ষা বিশেষ প্রয়োজনীয়। বাঙ্গালীর বিদ্যা বুদ্ধির অভাব নাই,  
বলও সাহস হইলেই আমরা পৃথিবীর শ্রেষ্ঠজাতির মধ্যে গণ্য হইতে পারি। বল হইলেই  
সাহস হইবে, বলের পক্ষে ব্যায়াম বিশেষ প্রয়োজনীয়। ব্যায়াম শিক্ষার পক্ষে সকলেরই যত্ন করা  
কর্তব্য। সেই জন্যই হরিশ বাবুর গ্রন্থের এত  
প্রয়োজন, এবং সেই জন্যই উহা সকল বিদ্যালয়ে  
ব্যবহৃত হওয়া উচিত। আমাদিগের দেশের  
বালকেরা শারীরিক পরিশ্রম করেনা, মানসিক  
পরিশ্রম করে, ইহাতে তাহারা কগ্ন ও ছুর্বল  
হইয়া পড়ে। এই অনিষ্ট নিবারণের একমাত্র  
উপায় ব্যায়াম শিক্ষা।

এই গ্রন্থখানি দুই অধ্যায়ে বিভক্ত। প্রথম  
অধ্যায়ে, উপক্রমণিকায় ব্যায়ামের প্রয়োজন, তৎ-  
পরে ব্যায়ামের ফল, পরিচ্ছদ, আহার ইত্যাদি,  
ব্যায়ামের বিধান, দুর্ঘটনার চিকিৎসা, এই সকল  
অবশ্য জ্ঞাতব্য বিষয় লিখিত হইয়াছে। দ্বিতীয়  
অধ্যায়ে, প্রথমে যে সকল ব্যায়ামে কোন প্রকার  
যন্ত্রের প্রয়োজন নাই তাহাই বর্ণিত হইয়াছে।

তাহার পরে যে সকল ব্যায়ামে বন্দের আবশ্যক, কিন্তু সহজে বা অনিষ্টপাতের কোন সন্তান ব্যতীত সম্পূর্ণ হইতে পারে, তাহাই বর্ণিত হইয়াছে। সর্বশেষে অপেক্ষাকৃত কঠিন ব্যায়াম সকলের বিধান লিখিত হইয়াছে। এই ক্রম সুপ্রণালীতে গ্রন্থলিখিত হওয়ায়, শিক্ষক এবং ছাত্র উভয়ের ব্যায়াম শিক্ষা বিশেষ সুসাধ্য বোধ হইবে। এই গ্রন্থ প্রণয়নের জন্য আমরা হরিশ বাবুকে বিশেষ ধন্যবাদ করি।

---

২৯ ফাল্গুন ১২৮০ অমৃতবাজার পত্রিকা ।

আমরা ডাক্তার হরিশচন্দ্র শর্মার ব্যায়াম শিক্ষা নামক পুস্তকের এক খণ্ড পাইয়া পুলকিত হইলাম। এইক্রম একখানা পুস্তকের প্রকৃত অভাব ছিল, এত দিন পরে সেই অভাব সুন্দর ক্ষেপে পূরণ হইল। হরিশ বাবু এক জন খ্যাতাপূর্ণ ব্যক্তি। পুস্তক খানিও সর্বাংশে তাঁহার উপযুক্ত হইয়াছে। পুস্তক খানি সচিত্র ও সরল ভাষায় লিখিত, ও প্রবন্ধ গুলি একপ সুশৃঙ্খলাবদ্ধ যে সকলে গুরু উপদেশ ব্যতীত পুস্তক

খানি দেখিয়া ব্যায়াম চর্চা করিতে পারিবেন।  
 কর্তৃপক্ষীয়েরা সন্তুষ্টঃ এই পুস্তক খানি সমূদায়  
 বিদ্যালয়ে প্রচার করিবেন, যদি না করেন তবু  
 বঙ্গবাসী মাত্রের কর্তব্য, এই পুস্তকের একখানি  
 ক্রয় করিয়া ব্যায়াম চর্চা করেন। মূল্য অতি  
 অল্প, ।০ চারি আনা মাত্র। আমাদের শারীরিক  
 বল নাই তাহাতেই আমাদের এই ছুদ্দশা, আর  
 শারীরিক বল বৃদ্ধির ব্যায়াম চর্চা এক প্রধান  
 উপায়।

---

# সূচিপত্র।

সংখ্যা। ব্যায়ামের  
সংখ্যা।

নাম।

পৃষ্ঠা।

১	...	উপক্রমণিকা।	...	১
২	...	ব্যায়ামের ফল।	...	২
৩	...	পরিচ্ছদ।	...	৫
৪	...	আহার।	...	৭
৫	...	ব্যায়ামের বিধান।	...	৮
৬	...	হৃষ্টনার চিকিৎসা।	...	১০
৭	১	দণ্ডায়মান হওয়া।	...	১৫
৮	২	চলন।	...	১৬
৯	৩	দৌড়ান।	...	১৭
১০	...	লম্ফ দেওয়া (লাফান)।	...	১৮
১১	৪	সম্মুখে উর্দ্ধ লম্ফন।	...	২০
১২	৫	বাম পাশে উর্দ্ধ লম্ফন।	...	২২
১৩	৬	দক্ষিণ পাশে উর্দ্ধ লম্ফন।	...	২২
১৪.	৭	পশ্চাতে উর্দ্ধ লম্ফন।	...	২৩
১৫	৮	সম্মুখে পরিসর লম্ফন।	...	২৪
১৬	৯	সম্মুখে অধো-লম্ফন।	...	২৫
১৭	১০	সম্মুখে গিশি লম্ফন।	...	২৬

সংখ্যা । ব্যায়ামের  
সংখ্যা ।

নাম ।

পৃষ্ঠা ।

১৮	১১	পশ্চাতে হাত মিলান । ... ২৭
১৯	১২	সম্মুখে মুক্তি নিষ্কেপ । ... ২৮
২০	১৩	উর্বে মুক্তি নিষ্কেপ । ... ২৮
২১	১৪	হাত শুরান । ... ২৯
২২	১৫	পায়ের অঙ্গুলি দ্বারা ভূমি স্পর্শ করিয়া দাঢ়ান । ... ৩০
২৩	১৬	গুল্ফ দ্বারা পশ্চাত-দেশ স্পর্শন । ... ৩০
২৪	১৭	জানু দ্বারা বক্ষঃস্থল স্পর্শন । ৩১
২৫	১৮	লম্ফ দিয়া গুলফ দ্বারা পশ্চাত-দেশ স্পর্শন । .. ৩১
২৬	১৯	জানু দ্বারা ভূমি স্পর্শন । ... ৩২
২৭	২০	একটী জানুর উপর অবস্থিতি ৩৩
২৮	২১	বাম জানু দ্বারা ভূমি স্পর্শন । ৩৩
২৯	২২	প্রকারান্তরে জানু দ্বারা ভূমি স্পর্শন । ... ৩৪
৩০	২৩	প্রণাম করা । ... ৩৪
৩১	২৪	উপবেসন । ... ৩৫
৩২	২৫	প্রকারান্তরে উপবেসন । ... ৩৬
৩৩	২৬	শূন্যে দুই পা কাওড়া দেওয়া, ৩৭
৩৪	২৭	পাদদ্বারা হস্ত স্পর্শন । ... ৩৮

সংখ্যা ।	ব্যায়ামের সংখ্যা ।	নাম ।	পৃষ্ঠা ।
৩৫	২৮	শূন্যে পদ প্রসারণ ।	... ৩২
৩৬	২৯	যষ্টি উল্লজ্জন পূর্বক লক্ষ্মণ ।	৪০
৩৭	৩০	হৃষি হস্ত মধ্যে লক্ষ্মণ ।	... ৪০
৩৮	...	প্যারেলেল বার ।	... ৪১
৩৯	৩১	প্যারেলেল বারের উপর আরোহণ । ...	... ৪৩
৪০	৩২	প্যারেলেল বারে দোলন ।	৪৪
৪১	৩৩	প্যারেলেল বারে হস্ত দ্বারা গমন । ...	... ৪৫
৪২	৩৪	প্যারেলেল বারে ইংরাজ ( L ) এলু অক্ষর হওয়া ।	৪৬
৪৩	৩৫	প্যারেলেল বারের উপর উপবেসন ...	... ৪৭
৪৪	৩৬	প্যারেলেল বারে প্রকারা- ন্তরে উপবেসন । ...	... ৪৮
৪৫	৩৭	বক্ষঃস্থল প্যারেলেল বারের সমান উচ্চ করিয়া রাখা ।	৪৯
৪৬	৩৮	প্যারেলেল বারের উপর লক্ষ্মণ । ...	... ৫০
৪৭	৩৯	প্যারেলেল বারের সমান্তর হওয়া । ...	... ৫০

সংখ্যা ।	ব্যায়ামের সংখ্যা ।	নাম ।	পৃষ্ঠা ।
৪৮	৪০	বারের উপর দণ্ডযমান হওয়া । ৫১	
৪৯	৪১	প্যারেলেল বারে বাজি করা । ৫২	
৫০	৪২	প্যারেলেল বারে হস্ত পদ সং- লগ্ন করিয়া শরীর ঝুলাইয়া রাখা । ...	৫৩
৫১	৪৩	প্যারেলেল বারের এক বার হইতে হস্ত লইয়া অন্য বার স্পর্শ করা । ...	৫৪
৫২	"	হ'রিজন্ট্যাল বার ।	৫৫
৫৩	৪৪	সমস্ত অঙ্গুলি উপরে রাখিয়া হ'রিজন্ট্যাল বারের সম্মুখ- পাশ্চ' ধরা । ...	৫৬
৫৪	৪৫	সমস্ত অঙ্গুলি উপরে রাখিয়া হ'রিজন্ট্যাল বারের পশ্চাত্ পাশ্চ' ধরা । ...	৫৭
৫৫	৪৬	হস্তের বৃদ্ধাঙ্গুষ্ঠ স্বতন্ত্র করিয়া হ'রিজন্ট্যাল বারের সম্মুখ ধরা । ...	৫৮
৫৬	৪৭	বৃদ্ধাঙ্গুষ্ঠ স্বতন্ত্র করিয়া হ'রি- জন্ট্যাল বারের পশ্চাত্ পাশ্চ' ধরা । ...	৫৯

সংখ্যা ।	ব্যায়ামের সংখ্যা ।	নাম ।	পৃষ্ঠা ।
৫৭	৪৮	হরিজন্ট্যাল বারে দোলন ...	৫৯
৫৮	৪৯	হরিজন্ট্যাল বার ধরিয়া গমন	৬০
৫৯	৫০	হরিজন্ট্যাল বারে বক্ষঃস্থল সংলগ্ন করণ ।	৬১
৬০	৫১	প্রকারান্তরে হরিজন্ট্যাল বার ধরিয়া দোলন ।	৬২
৬১	৫২	বৃহৎ চক্র । ...	৬৩
৬২	৫৩	পদ দ্বারা হরিজন্ট্যাল বার স্পর্শ করা ।	৬৪
৬৩	৫৪	হরিজন্ট্যাল বারের উপর বেগে আরোহণ করা ।	৬৫
৬৪	৫৫	হরিজন্ট্যাল বারে বাজী করণ । ...	৬৭
৬৫	৫৬	হরিজন্ট্যাল বার প্রদক্ষিণ ।	৬৮
৬৬	৫৭	হরিজন্ট্যাল বারে ইংরাজী ( L. ) এল্ অঙ্কর হওয়া ।	৬৯
৬৭	৫৮	হাত ও ইঁটুদিয়া হরিজন্ট্যাল বার প্রদক্ষিণ । ...	৭০
৬৮	৫৯	হস্ত পদ হরিজন্ট্যাল বারে সংলগ্ন করিয়া শরীর যুলান । ...	৭০

সংখ্যা ।	ব্যায়ামের সংখ্যা ।	নাম ।	পৃষ্ঠা ।
৬৯	৬০	হরিজন্ট্যাল বারে ফড়িঙ ইওয়া । ...	৭১
৭০	৬১	হরিজন্ট্যাল বারের উপর দাঢ়ান ...	৭২
৭১	৬২	হরিজন্ট্যাল বারে জানু সং- লগ্ন করিয়া ঝোলা । ...	৭৩
৭২	৬৩	হরিজন্ট্যাল বারে পায়ের পাতা সংলগ্ন করিয়া ঝোলা । ...	৭৪
৭৩	৬৪	হরিজন্ট্যাল বারে কনুই স্থাপন । ...	৭৫
৭৪	৬৫	ওষ্ঠ দ্বারা হরিজন্ট্যাল বার স্পর্শন । ...	৭৫
৭৫	৬৬	মাস্তুল বা শুপারি গাছে আরোহণ । ...	৭৬
৭৬	৬৭	প্রকারান্তরে মাস্তুলে আরো- হণ । ...	৭৭
৭৭	...	অশুল্ক সংশোধন ...	৭৮

# ব্যায়াম শিক্ষা ।

প্রথম ভাগ ।

---

প্রথম অধ্যায় ।

---

উপক্রমশিক্ষা ।

বালকদিগকে যখন বিদ্যা শিক্ষা দিতে  
আরম্ভ করা যায়, তখন তাহার সঙ্গে সঙ্গেই পরি-  
মিতরূপে ব্যায়াম শিক্ষা দেওয়া উচিত । যেমন,  
কেবল মাত্র ব্যায়াম শিক্ষা দিলে শরীর প্রচুর  
পরিমাণে বর্দ্ধিত, বলিষ্ঠ ও পুষ্ট হয় বটে, কিন্তু  
মনের উৎকর্ষ ও জ্ঞানোন্নতি সাধন প্রস্তুত পরি-  
মাণে হয় না, তদ্দপ ব্যায়ামাদি শারীরিক স্বাস্থ্য  
বিধায়ক কার্য্য অবহেলা করিয়া, কেবল মাত্র  
প্রশ্নক অধ্যয়ন প্রভৃতি মানসিক কার্য্যে সর্বদা  
নিবিষ্ট থাকিলে শরীর দুর্বল হয়, এবং তমিবন্ধন

মনও দুর্বল হইয়া প্রকৃত পরিমাণে জ্ঞানের  
সাধনের অনুপযুক্ত হয় ।

---

### ব্যায়ামের ফল ।

ব্যায়াম অভ্যাস করিলে শরীর পুষ্ট, বলিষ্ঠ  
ও দৃঢ় হয়, অনেক প্রকার শারীরিক রোগের  
প্রতিকার হয়, এবং অনেক প্রকার রোগ শরীরে  
প্রবেশ পর্য্যন্তও করিতে পারে না । ইহাতে যে  
কেবল শারীরিক শক্তি সুন্দর হয় এমত নহে,  
ব্যায়ামকারী প্রয়োজনানুসারে আপন শক্তি উপ-  
যুক্ত মত ব্যবহার করিয়া ভয়ানক বিপদ হইতেও  
উত্তীর্ণ হইতে পারে । যে দুর্গম স্থানে অতি  
বলবান् ব্যক্তি যাইতে সাহস করে না, যে ব্যক্তি  
রীতিমত ব্যায়াম অভ্যাস করিয়াছে, সে হস্ত  
পদ ও অঙ্গুলি উপযুক্ত মতে সঞ্চালন করিয়া  
সেই দুর্গমস্থানে অনায়াসে যাইতে পারে । যখন  
জগদীশ্বর আমাদিগকে শারীরিক শক্তি দিয়াছেন,  
তখন সেই শক্তির উৎকর্ষ্য সাধন করা, এবং  
উহাকে নানা প্রকার প্রয়োজনের উপযোগী করা

আমাদিগের একটী প্রধান কর্তব্য কর্ম। ব্যায়ামের স্বারা মাংসপেশী পুষ্ট ও দৃঢ় হয়, পরিপাক শক্তি বৃদ্ধি পায়, শারীরিক বল বৃদ্ধিপায়, এবং শারীরিক স্বাস্থ্য সম্পাদিত হইলে, মনও সবল এবং শক্তিশূল্ক হয়। ভারতবর্ষীয় প্রাচীন পাণ্ডিতগণ ব্যায়ামের বিষয়ে যাহা লিখিয়াছেন, তাহার কিয়দংশ নিম্নে প্রকাশিত হইল।

ব্যায়ামো হিসদা পথেয়া বলিনাং স্নিফ্টেজিনাং।  
 সচ শীতে বসন্তে চ তেষাং পথ্যতমঃ শ্বৃতঃ ॥  
 সর্বেষ্টুমু সর্বেহি মর্ত্ত্যরাত্মহিতার্থিতিঃ ।  
 শক্ত্যন্দেন তু কর্তব্যো ব্যায়ামো হন্ত্যতোষ্ণ্যথা ।  
 কুক্ষে ললাটে গ্রীবায়াং যদা ঘর্মঃ প্রবর্ততে ।  
 শক্ত্যন্দং তৎ বিজানীয়া দায়তোচ্ছুসমেবচ ॥  
 লাঘবং কর্মসামর্থং ধৈর্যং ক্লেশসহিষ্ণুতা ।  
 দোষক্ষয়োষ্ণিবৃদ্ধিশ ব্যায়ামাদুপজায়তে ॥  
 ব্যায়ামং কুর্বতো নিত্যং বিকুলমপি তোজনং ।  
 বিদ্ধি মবিদ্ধিংবা নির্দোষং পরিপচ্যতে ॥  
 নচ ব্যায়ামসদৃশমন্যং স্তৌল্যাপকর্ষণং ।  
 নচ ব্যায়ামিনং মর্ত্যং মর্দয়ন্ত্যরযোবলাং ॥  
 নচেনং সহসাক্রম্য জরা সমধিগচ্ছতি ।  
 ব্যাধযোনেপ সর্পন্তি বৈনতেয়মিবোরগাঃ ॥  
 ব্যায়ামক্ষুণ্ণগ্রস্য পদ্ম্যামুদ্ব র্ত্তিস্যাচ ।

বলবান্ত ও মেহদ্রব্য ভোজনশীল ব্যক্তির  
ব্যায়াম সর্বদা হিতকর; সেই ব্যায়াম এই সকল  
ব্যক্তির পক্ষে শীত ও বসন্ত ঋতুতে অধিকতর  
হিতকর হইয়া থাকে।

আত্মহিতেচ্ছুক মনুষ্যমাত্রেরই সকল ঋতুতে  
শক্তির অর্দ্ধ পরিমাণে ব্যায়াম কর্তব্য। ইহার  
অন্যথা করিলে ব্যায়াম কর্তৃক শরীর নষ্ট হয়।

যখন কুক্ষি, ললাট ও গ্রীবা হইতে ঘর্ষ  
নির্গত হইতে থাকে, এবং নিশ্বাস দীর্ঘ হয়,  
তখনই শক্তির অর্দ্ধ ব্যায়াম হইল বুঝিতে হইবে।

ব্যায়াম দ্বারা শরীরে লঘুতা কার্য্যদক্ষতা  
স্থের্য্য ও ক্লেশসহিষ্ণুতা জন্মে, এবং দোষক্ষয়  
ও অগ্নিবন্ধি হয়।

যে ব্যক্তি নিত্য ব্যায়াম করে তাহার বিরুদ্ধ  
( ১ ) বিদ্ধি ( ২ ) কিঞ্চিৎ অবিদ্ধি ভোজন ও

---

( ১ ) কতকগুলি দ্রব্যের, একত্র মিশ্রিত করিয়া,  
ভোজনের নিষেধ আছে সেই রূপ একত্র মিশ্রিত করিয়া  
যদি ভোজন করা যায় তবে তাহাকে বিকুল ভোজন করে  
যথা :—মাষকলাই ও মুগের দাল কিঞ্চিৎ দুর্ধ ও মৎস্য  
ইত্যাদি।

( ২ ) যে দ্রব্যে অল্পদোষ জন্মে।

দোষ প্রকোপ না করিয়া, পরিপাক হয়।

স্তুলতা দূর করিবার নিনিত ব্যায়াম সদৃশ  
আর অন্য উপায় নাই। ব্যায়ামশীল ব্যক্তিকে  
শক্ররা বলপূর্বক ক্লেশ দিতে পারে না।

ব্যায়ামশীল ব্যক্তিকে সহসা জ্বরা আসিয়া  
আক্রমণ করিতে পারে না।

সর্প সকল যে রূপ গরুড়ের নিকট গমন  
করিতে পারে না, সেই রূপ যাহার শরীর  
ব্যায়াম দ্বারা মর্দিত ও পাদ দ্বারা ঘষ্ট, তাহাকে  
কোন প্রকার ব্যাধি আক্রমণ করিতে পারে না।

### পরিচদ ।

ব্যায়াম করিতে হইলে সহজ পরিচদ  
ধারণ করা উচিত। দেশ বিশেষে ও কাল  
বিশেষে ব্যায়ামকারীর পরিচদের পরিবর্তন  
করা আবশ্যিক। ইউরোপের অধিকাংশ স্থা-  
নেই ট্রাউজার (পায়জামা বিশেষ,) ছোট কোট,  
কোমরবন্ধ, মেজা ও বুট জুতা ব্যবহৃত হয়।  
ভারতবর্ষীয় হিন্দুস্থানী পাহাড়োয়ানেরা (ব্যায়া-  
মকারীরা) জাঞ্জিয়া ও লেঙ্গটি মাত্র ব্যবহার

করিয়া থাকে । এদেশের পক্ষে ব্যায়ামের  
সময় এইটিই অত্যুৎকৃষ্ট পরিচ্ছন্দ । বালকের  
যখন বিদ্যালয়ে যায়, তখন ধূতি বা পায়জামার  
নীচে ইহা পরিধান করিলেও চলিতে পারে ।  
ব্যায়ামের সময় অন্যসকল পরিচ্ছন্দ ত্যাগ করিয়া  
কেবল এই পরিচ্ছন্দ মাত্র ধারণ করিলে অনা-  
যাসে ব্যায়াম করিতে পারে । যাহাদিগের  
জাঙ্গিয়া ও লেঙ্গটি না থাকে, তাহারা ধূতি মাল-  
কোচা করিয়া পরিলে ব্যায়াম শিক্ষা করিতে  
পারে । মালকোচা করিবার পূর্বে ধূতির যে  
হই অংশ হই হাঁটুর উপরে থাকে, সেই হই  
অংশ কঠিদেশের হইপাশে গুঁজিয়া দিয়া, পরে  
কোচা পশ্চাত্ত দিকে ফিরাইয়া মালকোচা করিতে  
হইবে, নতুবা হই উকুল অন্যায়ে সকল দিকে  
সঞ্চালিত করা যায় না । কোমর-বন্ধের পরিবর্তে  
চাদর কোমরে জড়াইয়া সম্মুখে গিরা দিয়া,  
তাহার হই অগ্রভাগ ফিরাইয়া মালকোচার ন্যায়  
কঠিদেশের পশ্চাত্ত দিগে গুঁজিয়া দিতে হইবে ।

---

আহার ।

পরিশ্রম করিলে অধিক পরিমাণে পুষ্টি কর  
আহার আবশ্যক হয় । যাহারা আলস্ত পরবশ  
হইয়া কালঘাপন করে, তাহাদিগের আহারাপেক্ষা  
পরিশ্রমশীল ব্যক্তিদিগের আহার স্বভাবতই  
অধিক । যে সকল দ্রব্যের সার-ভাগ অধিক,  
অর্থাৎ ছোলা, ময়দা, ছুঁক ও মাংস ইত্যাদি, এবং  
ষত, মাথন স্নেহ দ্রব্যাদি, ব্যায়ামকারীদিগের  
সচরাচর আহার্য হওয়া উচিত । ক্ষুধা, ইচ্ছা ও  
শারীরিক অবস্থা ইত্যাদি বুঝিয়া আহার করা  
কর্তব্য । অল্প আহারে যে প্রকার শরীর শীর্ণ ও  
হৰ্বল হয়, অধিক আহারে তদপেক্ষা গুরুতর  
কষ্টদায়ক অজীর্ণ রোগাদির উৎপত্তি হয় ।  
অতএব উপযুক্ত আহারই সর্বাপেক্ষা উত্তম ।  
চারি পাঁচ ঘণ্টা ব্যবধানে আহার করা উচিত । এক-  
বারের ভুক্ত দ্রব্য পাকস্থলিতে সম্পূর্ণ পরিপাক  
না হইতে হইতেই পুনরায় আহার করিলে অজীর্ণ  
রোগজন্মে, এবং তাহাতে শরীর অতিশয় ক্লিষ্ট হয় ।

## ব্যায়ামের বিধান ।

একেবারে অধিক কাল ধরিয়া কঠিন ব্যায়াম  
করা উচিত নহে। প্রত্যেক কঠিন ব্যায়ামের  
পর কিছু কাল বিশ্রাম করা আবশ্যক। যদি  
ব্যায়াম করিতে করিতে বুকের পাশে বেদন  
বোধ হয়, তবে তৎক্ষণাৎ ব্যায়ামে ক্ষান্ত হওয়া  
উচিত। যাহাদিগের শরীর অতি দুর্বল, তাহা-  
দিগের অতি সহজ ব্যায়াম অভ্যাস করা কর্তব্য।  
যাহাতে শারীরিক পরিশ্রম অধিক হয় এমন  
ব্যায়াম তাহাদিগের পক্ষে অবৈধ। যাহাদিগের  
স্বদ্রোগ (heart disease) থাকে তাহাদিগের  
পক্ষে ব্যায়াম নিষিদ্ধ। যাহাদিগের ঘাড় ছোট,  
মস্তক বড়, এবং সময়ে সময়ে অল্প পরিশ্রমে মাথা  
গরম হয়, অর্থাৎ যাহাদিগের মাথায় সহজে রক্ত  
উঠিবার সন্তানা, তাহাদিগের অতি সহজ ব্যায়াম  
ভিন্ন কঠিন ব্যায়াম অভ্যাস করা উচিত নহে, কেন  
না তাহাদিগের হঠাৎ এপোন্টেন্সি অর্থাৎ সন্ধ্যাস  
রোগ উপস্থিত হইতে পারে। যাহাদিগের  
ক্ষয়কাশ, রক্তবমন ও হার্ণিয়া (অন্ত বৃদ্ধি রোগ)

থাকে, তাহারা ব্যায়াম হইতে নির্বত্ত থাকিলেই  
ভাল হয়। দুর্বল বা রোগবিশিষ্ট ব্যক্তিরা যদি  
ব্যায়াম অভ্যাস করিতে চাহে, তবে তাহারা  
স্থবিজ্ঞ চিকিৎসকের দ্বারা শরীর পরীক্ষা করাইয়া,  
ও তাঁহার অভিপ্রায় লইয়া যেন ব্যায়াম শিক্ষা  
করে। ব্যায়াম করিবার সময় জল পিপাসা  
হইলে, কিছু কাল, অর্থাৎ দশ মিনিট  
বিশ্রাম করিয়া অল্প পরিমাণে জল পান করা  
বিধেয়। একেবারে অধিক জল পান করা উচিত  
নহে। বরং পুনঃপুনঃ অল্প বিশ্রামের পর অল্প  
পরিমাণে পান করাও শ্রেয়ঃ।

ব্যায়ামকারীরা হৃদয় কল্পে এক ঘণ্টা কাল  
বিশ্রাম না করিয়া স্নান বা আহার করিবে না,  
কেননা যে সময়ে শরীর গরম ও রক্ত চঞ্চল থাকে,  
সে সময়ে হঠাৎ স্নান বা আহার করিলে সর্দি-  
গরমি উপস্থিত হইতে পারে। প্রাতঃকাল  
ও অপরাহ্ন, যে সময় অতি স্থনিষ্ঠ, সেই সময়  
ব্যায়াম শিক্ষার পক্ষে উপযুক্ত। শীত ও বসন্ত  
কাল ব্যায়াম শিক্ষার পক্ষে বিশেষ উপযোগী।

অন্যান্য কালে কেবল অভ্যস্ত ব্যায়ামের চালনা  
রাখিয়া শরীর স্থুল রাখা আবশ্যক । বর্ষাকাল  
ব্যায়াম শিক্ষার পক্ষে অনুপযোগী, কারণ অতি  
সামান্য ক্ষতও শীত্র আরাম হয় না । প্রাতে  
ব্যায়ামশালায় যাইবার পূর্বেই স্নান করিয়া যাওয়া  
উচিত । শীতল জলে স্নান করা বিধেয় । যাহা-  
দিগের শীতল জলে স্নান সহ্য না হয়, বা শরীর  
অতি দুর্বল, তাহাদিগের পক্ষে উষ্ণদুষ্ফও জলে  
স্নান করা বিধেয় । যাহাদিগের প্রাতঃকালে  
স্নান সহ্য না হয়, তাহাদিগের ব্যায়ামের পরে  
হ্যনাধিক দুই ঘণ্টা কাল বিশ্রাম করিয়া, শরীর  
স্থির হইলে স্নান করা কর্তব্য । ব্যায়ামকারীদিগের  
শরীর পরিস্কার রাখা অতি আবশ্যক ।

### হৃষ্টনার চিকিৎসা ।

উভয় নিয়মবিশিষ্ট ব্যায়ামশালাতে  
হৃষ্টনা প্রায় ঘটেনা । কিন্তু দৈবাং যদি  
কোন প্রকার হৃষ্টনা উপস্থিত হয়, যথা হাত  
পা ভাঙ্গা, হাড় সরিয়া যাওয়া, চোট লাগা, স্থান

বিশেষ মচ্কান, বেদনা ঘুত্ত বা ক্ষত ইত্যাদি  
হওয়া, তাহার জন্য শিক্ষক ও ছাত্রদিগের প্রস্তুত  
থাকা আবশ্যক। যদি কোন অঙ্গের হাড় ভাঙ্গিয়া  
যায়, বা স্বস্থান হইতে সরিয়া যায়, তাহা হইলে  
তৎক্ষণাৎ সে অঙ্গ সহজ ভাবে রাখিয়া, তাহার  
উপর নেকড়া শীতল জলে ভিজাইয়া আবৃত  
করিয়া, চিকিৎসক আনাইতে হইবেক।

অনুপদিষ্ট লোক দ্বারা চিকিৎসা না  
প্রাপ্তিয়া, বরং চিকিৎসকের প্রতীক্ষায় থাকা ভাল।  
যদি কোন স্থানে চেট লাগে, বা কোন স্থান  
মচকে যায়, অথবা ক্ষত হয়, তবে তৎক্ষণাৎ  
ব্যায়াম হইতে ক্ষান্ত হইয়া শীতল জলের পটী  
দিতে হইবে। ক্ষত স্থানে যদি ধুলা, বালি,  
সুরকি বা অন্য কোন বস্তু সংলগ্ন থাকে, তবে সে  
সমস্ত শীতল জলে পরিষ্কার করিতে হইবে।

সর্বদা ব্যায়ামশালার নিকট শীতল জল  
রাখ আবশ্যক। শীতল জলই ব্যায়ামকারীর  
সকল পীড়ার এক প্রকার মর্হেষধ। জলের  
এক নাম যে জীবন, তাহা ব্যায়ামশালায় প্রত্যক্ষ

করা যায় । ছিন্ন বস্ত্র শীত্র না পাইলে, চাদর বা  
পরিধেয় ধুতির কিয়দংশ ছিন্ন করিয়া লইতে  
সন্তুচিত হওয়া উচিত নহে ।

ব্যায়াম জন্য সকল পীড়াতে চক্ষে ও মুখে  
শাতল জল দিতে হইবে এবং কিঞ্চিৎ জল পান  
করাইলেও দোর্বল্য নিবারণ হইবে । যদি মন্তকে  
কোন আঘাত জন্য ব্যায়ামকারী মুর্ছিত হয়,  
তাহা হইলে চক্ষে, মুখে এবং বুকে সজোরে  
পুনঃ২ জলের ছিটা দিতে হইবে, ও মন্তকে  
প্রথমে জোরে জলের ছিটা দিয়া ক্রমে আস্তে  
আস্তে জল ধারাণী করিতে হইবে । গাড়ুর  
নলে জল সেচন করা বিধেয় । গাড়ু অভাবে  
ষট্টিতেও এক প্রকার চলিতে পারে । যে যে  
স্থানে জল পটির ব্যবস্থা করা গিয়াছে, সেই সেই  
স্থানে প্রথমে জল সেচন করিয়া, পরে জল পটি  
দিলে একেবারে বেদনার লাঘব হইবে ।

যদি অধিক কাল ব্যায়াম করিতে করিতে  
বুকের পাশ্চে বেদনা বোধ হয়, তবে সে বেদনার  
স্থানে জল সেচন করিবার বা জল পটি দিবার

আবশ্যকতা নাই। ব্যায়াম ক্ষান্ত দিলেই কিছু  
কাল পরে সে বেদনা আপনিই যাইবে।

জল পটি প্রস্তুত করা অতি সহজ। চিম  
বন্ধ (নেকড়া) হই ভাঁজ করিয়া জলে ভিজাইয়া  
পীড়ার স্থান ঢাকিয়া দিতে হইবে। যদি আঘা-  
তের স্থানে অতিশয় বেদনা হয়, তবে এক পোয়া  
জলের সহিত ১ তোলা টিংচারআর্গিকা মিশাইয়া,  
তদভাবে চারি আনা ওজনে আফিঙ্গ, অর্ধসের  
জলের সহিত ভাল রূপে শুলিয়া, সেই জলে পটী  
ভিজাইয়া বেদনা স্থানে দিলে, বেদনা ক্রমে  
কমিয়া যাইবে।

ওষধ সর্বদা পাওয়া কঠিন, কিন্তু জল,  
সেচন ও পটী করিয়া দেওয়া অতি সহজ। জলের  
প্রতি যেন অবিশ্বাস ও হতাদার করা না হয়।  
মনোযোগ পূর্বক জল সেচন ও পটী দিলে পীড়ার  
অনেক লাঘব হইবে। পটী যেন শুক্র না হয়,  
সর্বদাই যেন শীতল জলে আর্দ্ধ থাকে। এ  
বিষয়ে বিশেষ মনোযোগ করা প্রয়োজন। যদি  
এ সমস্ত বেদনার জন্য জ্বর হয়, তবে যথা শাস্ত্র

লঘু পথ্য, (খে বা মুড়ি, শাঙ্গ বা এরাকঁট বা  
বিস্কিট বা ঝুঁটি,) ব্যবহার করা এবং শরীরকে  
বিশ্রাম দেওয়া উচিত। আরোগ্য না হওয়া  
পর্যন্ত অঙ্গ চালনা করা উচিত নহে। যদি ঘল  
বন্ধ থাকে তবে কাষ্টরঅঙ্গ অর্থাৎ রেড়ির তেল  
সেবন করিয়া কোষ্ট পরিষ্কার করা আবশ্যিক।

দ্বিতীয় অধ্যায়।

১ম ব্যায়াম।

দণ্ডায়মান হওয়া (দাঢ়ান।)


সর্ব প্রথমে দাঢ়ান শিক্ষা করা আবশ্যিক।

শিক্ষক সম্মুখে দাঢ়াইয়া ছাত্রদিগকে যে প্রকার অনুমতি করিবেন, ছাত্রেরা সেই প্রকার করিবে।

সোজা হইয়া, দুই উরুর বাহির পাশে সরল ভাবে হাত ঝুলাইয়া, দুই পায়ের গুল্ফ (গোড়ালি) একত্র করিয়া দাঢ়াও।

এ সময়ে মন্ত্রক সরল ভাবে রাখিবে এবং সম্মুখে দৃষ্টি করিবে। ১ম চিত্র দেখ।

১ম চিত্র।




## ২য় ব্যায়াম ।

চলন ।

প্রথম ব্যায়ামের ন্যায় দাঁড়ও । প্রথমে  
দক্ষিণ পা সম্মুখে এক গজ দূরে নিক্ষেপ কর ।  
পরে বাম পা, দক্ষিণ পায়ের সম্মুখে এক গজ  
দূরে নিক্ষেপ কর । এই প্রকার প্রথমে দক্ষিণ  
পা, পরে বাম পা ফেলিয়া চলিবে । অন্য সময়  
চলিতেও নিকটে নিকটে পা ফেলিয়া চলও  
ন । যত অস্তরে পা ফেলিয়া চলিতে পার  
চলিবে । যদি হইত তিন জনে একত্র চল, তাহা  
হইলে সকলেরই দক্ষিণ পা যেন সমান ভাবে  
একেবারে, এবং বাম পা যেন সমান ভাবে

২য় চিত্র ।      ৩য় চিত্র ।



একেবারে চলে। এটা অভ্যাস করিতে প্রথমে  
কিছু অস্তুবিধি বোধ হইবে, কিন্তু পরে ক্রমশঃ  
সহজ হইয়া উঠিবে। ২য় ও ৩য় চিত্র দেখ।


---

## ৩য় ব্যায়াম।

দৌড়ান।

দৌড়াইলে শরীরের প্রায় সমস্ত অংশের  
চালনা হয়। এজন্য যত্ত্ব পূর্বক দৌড়ান অভ্যাস  
করা উচিত। দৌড়ান হই প্রকার, নিকটে  
নিকটে পা ফেলিয়া ও দূরে দূরে পা ফেলিয়া।  
শেষ প্রকার দৌড়ান বিশেষ রূপে ব্যায়ামকারী-  
দিগের অভ্যাস করা উচিত। কেননা নিকটে  
নিকটে পা ফেলিয়া দৌড়াইতে হই পা শিঞ্চ  
ক্ষণ হয়। দৌড়াইবার বেগ তিন প্রকার।  
ধীর-বেগ, মধ্য-বেগ ও ক্রত-বেগ। ধীর ও মধ্য  
বেগে দৌড়ান অভ্যাস করা ব্যায়ামকারীদিগের  
পক্ষে বিধেয়, কারণ ক্রত বেগে দৌড়াইতে শীঘ্র  
ক্ষণি জন্মে, এবং ব্যায়ামকারী অধিক কাল ব্য-  
য়াম অভ্যাস করিতে সমর্থ হয় না। দূরে দূরে

পা ফেলিয়া, ধীর-বেগে ও মধ্য-বেগে দোড়ান  
অভ্যাস করা শ্রেয়ঃ । ৪র্থ, ৫ম ও ৬ষ্ঠচিত্র দেখ ।  
৪ র্থ চিত্র ।                    ৫ ম চিত্র ।                    ৬ ষ্ঠ চিত্র ।



ধীরবেগ ।

মধ্যবেগ ।

ক্রতবেগ ।

### লম্ফ দেওয়া (লাফান ।)

লম্ফন কার্য্যের অভ্যাসে কটীদেশ সবল  
হয় । লম্ফ দিতে হইলে দুই হাত উষ্ণচুচ্ছ করিয়া,  
দুই জানু সম্মুখে বক্রভাবে রাখিয়া, মস্তক ও  
বক্ষঃস্থল সম্মুখ ভাগে উষ্ণদ্বন্দ্ব করিয়া, একেবারে  
হঠাতে সমস্ত শরীর উর্কে নিক্ষেপ করিতে হয় ।  
লম্ফন সাধারণতঃ চারি প্রকার; যথা, উর্দ্ধলম্ফন,  
অধোলম্ফন, পরিসর লম্ফন এবং মিশ্র লম্ফন ।

লম্ফ দ্বারা উচ্চ স্থানে আরোহণ করাকে উর্দ্ধ  
লম্ফন বলে। লম্ফ দিয়া নিম্ন স্থানে পতিত  
হওয়াকে অধোলম্ফন বলে। সমান ভূমিতে লম্ফ  
দিয়া এক স্থান হইতে অন্য স্থানে যাওয়াকে  
পরিসর লম্ফন কহে। এবং লম্ফ দিয়া ভিত্তি বা  
অন্য কোন প্রকার অবরোধ উল্লম্ফন করিয়া  
কোন স্থানে পতিত হওয়াকে (যে লম্ফন ক্রিয়াতে  
উর্দ্ধ লম্ফন ও পরিসর লম্ফন, বা উর্দ্ধ লম্ফন ও  
অধোলম্ফন, বা পরিসর লম্ফন ও অধোলম্ফন  
মিলিত হয়) মিশ্র লম্ফন কহে। এই চারি  
প্রকার লম্ফনের প্রত্যেক লম্ফন তিন প্রকারে  
অভ্যাস করিতে হইবে। তাহাদিগকে সম্মুখ  
লম্ফন, পশ্চাত্ত লম্ফন এবং পাশ্চ লম্ফন কহে।  
লম্ফ দ্বারা সম্মুখে অগ্রসর হওয়াকে সম্মুখ  
লম্ফন, পশ্চাত্তদিকে যাওয়াকে পশ্চাত্ত লম্ফন,  
এবং দক্ষিণ অথবা বাম দিকে যাওয়াকে পাশ্চ  
লম্ফন বলে।

## ৪ৰ্থ ব্যায়াম।


সম্মুখে উর্ক লম্ফন।

একটী পাঁচ বা ছয় হাত লম্বা রঞ্জু ভূমি  
হইতে অর্ধ হস্ত উর্কে আড় ভাবে ঝুলাও।\* দুই  
পা সংযত ( ঘোড় ) করিয়া সরল ভাবে রঞ্জু  
নিকটে দাঢ়াও। দুই পা যেন রঞ্জু হইতে  
চারি পাঁচ অঙ্গুলি দূরে থাকে। দুই পা সংযত

\* লম্ফন শিক্ষ। করিবার যন্ত্র অতি সাধারণ। ৩৪ হাত  
ব্যবধান করিয়া দুইটী পাঁচ ছয় হাত লম্বা বাঁশ বা কাঠ  
ভূমিতে পুতিতে হইবে। দুই হাত পরিমাণ ভূমিতলে  
পোতা থাকিবে এবং তিনি চারি হাত পরিমাণ উপরে  
থাকিবে। যে অংশ উপরে থাকিবে তাহার অর্ধ হস্ত  
উপরে এক গাছি অঙ্গুলি পরিমাণ মোটা রঞ্জু সহজে  
যাতায়াত করিতে পারে তহপযুক্ত ছিদ্র করিতে হইবে।  
প্রথম ছিদ্রের উপর ক্রমে চারি অঙ্গুলি অন্তরে উপযুক্ত  
পরি করক গুলী ছিদ্র করিতে হইবে। প্রথম ছিদ্রের  
মধ্যে রঞ্জু দিয়া, রঞ্জুর বাহিরে দুইদিকে দুইটী ভাটা  
ঝুলাইতে হইবে। ভাটা যেন অধিক ভারি না হয়। দুই  
দিকে দুই ভাটাতে রঞ্জু টান করিয়া রাখিবে। কিন্তু  
ব্যায়াম কারীর পা ব্যায়াম সময় যদি রঞ্জুতে লাগে  
তবে তৎক্ষনাৎ রঞ্জু শিথিল হইবে। ক্রমে তাৰিশক  
ও ইচ্ছা মত ব্যায়াম কারী আপনি রঞ্জু উচ্চ ও নিম্ন  
করিয়া লইবে। এ ব্যায়াম অভ্যাসের সঙ্গে রঞ্জু ক্রমে  
উচ্চ করিতে হইবে।

করিয়া, একেবারে লম্ফ দিয়া রজ্জু উল্লঙ্ঘন কর  
(পার হও)। এ সময় দুই পা যেন অসংযত  
অর্থাৎ ছাড়াচাড়ি না হয়, এবং রজ্জুতেও না  
লাগে। ৭ ম চিত্র দেখ।

৭ ম চিত্র।



রজ্জুর দুই দিক দুই খুঁটিতে এ প্রকারে  
আবদ্ধ করিতে হইবে, যে ব্যায়াম-কারীর পা  
তাহাতে লাগিলেই যেন তৎক্ষণাৎ তাহা দুলিয়া  
পড়ে। রজ্জু দুই দিকে দুই জন ধরিয়া থা-  
কিলে ভাল হয়, কারণ ব্যায়াম কারীর পা তা-  
হাতে লাগিবা মাত্র রজ্জু-ধারীরা, রজ্জু ছাড়িয়া  
দিতে পারে। রজ্জুর দুই দিক যদি অত্যন্ত দৃঢ়  
ক্ষেপে আবদ্ধ থাকে, তাহা হইলে ব্যায়ামকারীর

পা তাহাতে আবন্ধ হইয়া কষ্ট দায়ক হইতে  
পারে । ব্যায়ামকারীর দুই পা সংযত করিয়া  
লম্ফ দিতে প্রথমে কঠিন বোধ হইবে, কিন্তু  
ক্রমে ক্রমে অভ্যাস করিলে সহজ হইয়া যা-  
ইবে । ক্রমশঃ রঞ্জু উচ্চ করিতে হইবে।  
এ ব্যায়াম ভালরূপ অভ্যাস হইলে, দুই তিনি  
হস্ত উচ্চ রঞ্জু, বা অন্য কোন অবরোধ ব্যায়াম-  
কারী অন্যায়াসে লম্ফ দিয়া পার হইতে পারিবে।

---

### ৫ম ব্যায়াম ।

#### বাম পাশ্চে উর্ধ্ব লম্ফন ।

রঞ্জু বামে রাখিয়া সরল ভাবে দাঢ়াও ।  
রঞ্জু হইতে বাম পা যেন চারি ছয় অঙ্গুলি পরি-  
মাণ দূরে থাকে ।

একেবারে দুই পা সংযত ( ঘোড় ) করিয়া  
লম্ফ দিয়া রঞ্জু উল্লম্বন কর । ক্রমে ছয়বার  
এই প্রকার অভ্যাস করিতে হইবে ।

---

### ৬ষ্ঠ ব্যায়াম ।

#### দক্ষিণ পাশ্চে উর্ধ্ব লম্ফন ।

রঞ্জু দক্ষিণে রাখিয়া সরল ভাবে দাঢ়াও ।

দক্ষিণ পা যেন রঞ্জু হইতে ৪।৬ অঙ্গুলি পরিমাণ  
দূরে থাকে।

একেবারে দুই পা সংযত ( ঘোড় ) করিয়া  
লম্ফ দিয়া রঞ্জু উল্লঞ্চন কর। ত্রুট্যে এই  
প্রকার ছয়বার অভ্যাস করিতে হইবে।

### ৭ম ব্যায়াম।

পশ্চাতে উর্ধ্ব লম্ফন।

রঞ্জু পশ্চাত্তাগে রাখিয়া সরল ভাবে দাঁ-  
ড়াও। দুই পায়ের গুল্ফ ( গোড়ালি ) যেন  
রঞ্জু হইতে ৪।৬ অঙ্গুলি পরিমাণ অন্তরে  
থাকে।

একেবারে দুই পা একত্র করিয়া রঞ্জু  
উল্লঞ্চন কর। এই প্রকার ছয়বার অভ্যাস  
করিতে হইবে।

পূর্ব তিনি ব্যায়াম অপেক্ষা এ ব্যায়াম  
কঠিন। ইহা সাবধানে অভ্যাস করিতে হইবে।

## ৮ম ব্যায়াম ।

সম্মুখে পরিসর লক্ষ্মন ।

দুই পা সংষত করিয়া দুই হাত দুই উরু  
বাহির পাশে সহজ ও সরল ভাবে রাখিয়া  
সোজা হইয়া দাঢ়াও ।

পায়ের সম্মুখে বাম দিক হইতে দক্ষিণ  
দিকে একটী সরল লম্বা রেখা টান । সেই  
রেখার সম্মুখে এক হাত অন্তরে তাহার সম-  
স্তরাল আর একটী লম্বা রেখা টান ।

দুই পা একত্র ( ঘোড় ) করিয়া একেবারে  
লক্ষ্ম দিয়া দুই রেখা উল্লঙ্ঘন কর । এই প্রকার  
ছয় বার অভ্যাস করিতে হইবে । এ ব্যায়াম  
ভাল অভ্যাস হইলে, প্রথম রেখা হইতে দ্বিতীয়  
রেখা ক্রমে অন্তর করিবে । ক্রমে ৭৮ হস্ত  
পরিসর স্থান এক লক্ষ্মে পার হইতে পারিবে ।

উর্ক লক্ষ্মনের ন্যায় পরিসর লক্ষ্মন বাম  
দিকে, দক্ষিণে এবং পশ্চাতে অভ্যাস করিতে  
হইবে । এ বিষয় বিশেষ বিস্তারিত করিয়া  
লেখা অনাবশ্যক ।

## ১ম ব্যায়াম।

সম্মুখে অধোলম্ফন।

সম্মুখে একখানি বেঞ্চ এবং তহুপরি  
একটি টুল রাখ।\* পরে তাহার উপরে আরো-  
হণ করিয়া সরল ভাবে দাঁড়াও, এবং সম্মুখে নিম্ন  
দিকে লম্ফ দিয়া পড়। উচ্চ ও পরিসর লম্ফনের  
ন্যায় নিম্ন লম্ফও দক্ষিণে, বামে ও পশ্চাত্তি দিকে  
ক্রমে ক্রমে অভ্যাস করিতে হইবে।

এ ব্যায়াম যত অভ্যাস হইবে, ততটীতাধিক  
উচ্চ হইতে লম্ফ দেওয়া ক্রমে অভ্যাস করিতে  
হইবে। এটা ভাল রূপ অভ্যাস হইলে, এক-  
তালা দালানের উপর হইতে লম্ফ দিয়া পড়ি-  
লেও কোন কষ্ট বোধ হইবে না।

লম্ফ দিবার সময় দুই পা যেন এক স্থানে  
একেবারে মাটীতে পড়ে। পা অগ্র পশ্চাত্তি হইয়া

\* এক খানি বেঞ্চের উপর এক খানি টুল রাখিলে  
মত উচ্চ হয়, তত উচ্চ করিয়া দুই দিকে দুইটা বাঁশ কিস্তা  
কাঠ পুতিয়া তাহার উপর আড় করিয়া আর একটা বাঁশ  
কিস্তা কাঠ রাখ। তহুপরি আরোহণ করিয়া নিম্ন লম্ফন  
অভ্যাস করিতে সুবিধা হইবে।

মাটীতে পড়িলে বেদনা লাগিবার এবং সমস্ত  
শরীরে ঝাঁকি লাগিবার সম্ভাবনা ।

---

## ১০ম ব্যায়াম ।

সম্মুখে মিশ্র লম্ফন ।

ছই পা ঘোড় করিয়া, ছই হাত ছই উরুর  
বাহির পাশে' সহজ ও সরল ভাবে রাখিয়া,  
সোজা হইয়া দাঁড়াও ।

অল্প উচ্চ এক খানি বেঞ্চ আড় করিয়া  
সম্মুখে রাখিয়া, একেবারে ছই পা ঘোড় করিয়া  
লম্ফ দিয়া উল্লম্বন কর । এই প্রকার ছয়বার  
অভ্যাস কর । এটি ভাল রূপ অভ্যাস হইলে,  
উচ্চ লম্ফনেও পরিসর লম্ফনের ন্যায় দক্ষিণ  
দিকে, বাম দিকে ও পশ্চাত্ত দিকে বেঞ্চ রাখিয়া  
লম্ফ দিয়া উল্লম্বন করা অভ্যাস করিবে ।

বেঞ্চ উল্লম্বন করা অভ্যাস হইলে তঙ্গে  
পোষ পার হওয়া অভ্যাস করিবে । পরে টে  
বেল অর্থাৎ মেজ ইত্যাদি লম্ফ দিয়া উল্লম্বন  
করিতে পারিবে ।

ব্যায়ামের জন্য যন্ত্রাদি প্রস্তুত করিয়া,  
ব্যায়াম শিক্ষা করিবার পূর্বে যন্ত্র ব্যৱহৃত কতক-  
গুলি ব্যায়াম-কোশল শিক্ষা করা উচিত। এই  
জন্য যে কয়েকটী সাধারণ ব্যায়াম শিক্ষা  
করিতে কোন যন্ত্রের আবশ্যক হয় না তাহাই  
প্রথমে উল্লেখ করিলাম।

## ১১শ ব্যায়াম।

পশ্চাতে হাত মিলান।

ছই পা ঘোড় এবং ছই হাত একত্র কর।  
ঠিক সোজা হইয়া দাঢ়াও। ছই হাত সরল  
ভাবে স্ফন্দের সমান উচ্চ করিয়া, সন্মুখে প্রসা-  
রিত ও একত্রিত কর।

ছই হাত ফাঁক করিয়া, এবং বাহু ও হাত  
সোজা ও স্ফন্দের সমান উচ্চ রাখিয়া, পশ্চান্তাগে  
ছই হাতের পৃষ্ঠদেশ একত্র মিলাইতে চেষ্টা কর।  
চেষ্টা করিলে ক্রমশঃ ছই হাতের পৃষ্ঠ-দেশ  
একত্রিত হইবে। এ সময়ে শরীর সোজা  
রাখিতে হইবে। এ ব্যায়াম যে পর্যন্ত শিক্ষা

না হয়, সেপর্যন্ত পুনঃ২ অভ্যাস করা কর্তব্য।  
ইহাতে বক্ষঃস্থল প্রশস্ত হয়।

## ১২শ ব্যায়াম ।

সম্মুখে মুষ্টি নিক্ষেপ ।

হাত সম্মুখে প্রসারিত করিয়া, ও হাতের  
চেটো চিত করিয়া রাখিয়া, পূর্ববৎ দাঁড়াও।  
হই হাত মুঠো কর। হই কহুই শীঘ্র এমন  
ভাবে পঞ্চাং-ভাগে লইয়া আইস, যেন হই  
মুঠো তোমার পাশ্বদেশ পর্যন্ত আইসে। হই  
মুঠো শীঘ্ৰঃ২ এমন জোরে পুনর্বার সম্মুখে  
নিক্ষেপ কর, যেন সম্মুখে কোন ব্যক্তিকে আ-  
ঘাত করিতে যাইতেছ। যত ক্ষণ ক্লান্ত না হও,  
ততক্ষণ পুনঃ২ এই ব্যায়াম অভ্যাস কর।

## ১৩শ ব্যায়াম ।

উক্কে মুষ্টি নিক্ষেপ ।

পূর্ববৎ দাঁড়াও। হই হাত মুঠো কর।  
মুঠো করিয়া হই মুঠো ক্ষন্ত্রের নিকটে লইয়া

আইস, এবং শীত্র এন্ডপ জোরে উভোলন কর, যেন উপরিস্থ কোন ব্যক্তিকে আঘাত করিতে যাইতেছে। পরে জোরে হউ কহুই নীচে লইয়া আইস। এই প্রকার বারষ্বার কর।

---

## ১৪শ ব্যায়াম।

হাত ঘুরান।

সম্মুখে ঈষদবনত হইয়া দাঁড়াও। হউ হাত মুঠে করিয়া হউ দিকে প্রসারিত কর। হাত ও বাহু সরল ভাবে রাখিয়া ক্রমেই মন্ত্রকের উপর আনিয়া উচ্চ কর। পরে সোজা ভাবে সম্মুখ দিয়া নিম্নদিকে অবনত কর, ও ঘুরাইয়া পশ্চাত্ত দিক দিয়া মন্ত্রকের উর্দ্ধে পূর্ব স্থানে লইয়া আইস। এই প্রকার পুনঃ২ ঘুরাও। কিন্ত এতাবৎ কাল শরীর যেন পূর্ববৎ থাকে। ইহাতে বাহু ও সকল অঙ্গ সহজ ভাবে খেলিবে।

প্রথমতঃ এ ব্যায়াম কঠিন রোধ হয়, কিন্তু অভ্যাস করিতেও ক্রমে সহজ হত্ত্ব উঠে ।

---

### ১৫শ ব্যায়াম ।

পায়ের অঙ্গুলি দ্বারা ভূমি স্পর্শ করিয়া দাঁড়ান ।  
উক্ত পাত্র পাথে চুট হাত থাণ । এবং  
সরুল তাবেচুট পায়ের অঙ্গুলির উপর দাঁড়ান ।  
থাণ দূর পাই উচ্চ হও, এবং যত ক্ষণ পার উচ্চ-  
তাবে থাণ ।

এ ব্যায়াম অভ্যাস হইলে অঙ্গুলির উপর  
দাঁড়াইয়া লক্ষ দিবে। দেখিও সে সময় যেন হাঁটু  
কে শরীর সোজা থাকে। এবং পায়ের গুল্ফ  
(গোড়ালি) ভূমি স্পর্শ না করে ।

---

### ১৬শ ব্যায়াম ।

গুল্ফ দ্বারা পশ্চাৎ-দেশ স্পর্শন ।  
পূর্ববৎ দাঁড়ান । পায়ের গুল্ফ দ্বারা  
আপন নিতৰ অর্থাৎ পাছা স্পর্শ কর । পথমে  
দক্ষিণ গুল্ফ, পরে বাম গুল্ফ দ্বারা স্পর্শ কর ।  
এই ক্রম ক্রমে শীঘ্ৰে করিতে অভ্যাস কর ।

১৭শ ব্যায়াম।

জানু দ্বারা বক্ষঃস্থল স্পর্শন।

সরল ভাবে দাঁড়াও। প্রথমে দক্ষিণ জানু, পরে বাম জানু দ্বারা বক্ষঃস্থল স্পর্শ কর। এই প্রকার পুনঃ২ অভ্যাস কর। সাবধান যেন শরীর সম্মুখে অবনত না হয়।

এই ব্যায়াম অভ্যাস করিলে জানুদ্বয় ক্রমে প্রসারিত হইবে।

---

১৮শ ব্যায়াম।

লক্ষ্ম দিয়া গুল্ফ দ্বারা পঞ্চাং-দেশ স্পর্শন।

সরল ভাবে দাঁড়াও। দুই হাত দুই উরুর বাহির পাশ্চে রাখ, এবং লক্ষ্ম দিয়া দুই পায়ের গুল্ফ দ্বারা একেবারে দুই নিতৰ্স স্পর্শ করিয়া পূর্ববৎ দাঁড়াও। এই প্রকার পুনঃ২ অভ্যাস কর।

এ ব্যায়াম অভ্যাস করিবার জন্য, পায়ের অঙ্গুলির উপর কিঞ্চিৎ ভর দিয়া লক্ষ্ম দিতে হইবে। যে স্থান হইতে লক্ষ্ম দিবে, দুই পা

পুনরায় যেন সেই স্থানেই আইসে । প্রতি  
লক্ষে পায়ের অবস্থিতি স্থান যেন পরিবর্তিত না  
হয় ।

এ ব্যায়াম ক্রমেই অভ্যাস হইবে । প্রথমে  
কঠিন বোধ হইতে পারে, কিন্তু ক্রমে সহজ  
বোধ হইবে ।

---

### ১৯শ ব্যায়াম ।

জানু দ্বারা ভূমি স্পর্শন ।

সরল ভাবে দাঁড়াইয়া দুই পা একত্র কর ।  
দুই পায়ের বন্ধাঙ্গুষ্ঠ সমান ভাবে এক লাইনে,  
এবং দুই হাত উলুব্দয়ের বাহির পাশের রাখ,  
এবং জানুদ্বয়ের দ্বারা ধীরেই ভূমি স্পর্শ কর ।

পরে ধীরেই উঠিয়া সরলভাবে দাঁড়াও ।  
যেন হস্তব্য উলু হইতে, এবং বন্ধাঙ্গুষ্ঠ সম্মান  
হইতে অপস্থিত ( ছাড়া ) না হয় । এই প্রকার  
ক্রমাগত বিংশতি বার কর ।

---

## ২০শ ব্যায়াম।

একটী জানুর উপর অবস্থিতি।

সরলভাবে দাঁড়াও। দক্ষিণ পা ভূমিতে  
রাখিয়া বাম পাউচ্চ কর। দক্ষিণ জানুর ভরে  
অবস্থিতি কর। বামপদ যেন ভূমি হইতে উচ্চ  
ভাবে থাকে। পরে উঠিয়া দাঁড়াও। দক্ষিণ  
পদ যেন স্থানভ্রষ্ট না হয়।

## ২১শ ব্যায়াম।

বাম জানু দ্বারা ভূমি স্পর্শন।

দক্ষিণ পায়ের উপর ভর দিয়া দাঁড়াইয়া,  
ওবাম জানু বক্রভাবে রাখিয়া, বাম পা পশ্চাত  
দিকে লও। বাম হস্ত দ্বারা বাম পদের পাতা  
ধর। এ সময়ে শরীর যেন সোজা থাকে।

বাম জানু দ্বারা ভূমি স্পর্শ কর। এবং বাম  
হস্তে বাম পদের পাতা ধরিয়াই পুনর্বার উঠিয়া  
দাঁড়াও। দেখিও দক্ষিণ পদ যেন স্থানভ্রষ্ট  
না হয়। সর্বদাই যেন এক স্থানে থাকে। এই  
প্রকার ক্রমে দুই পায়ে অভ্যাস কর।

এ ব্যায়াম অভ্যাস করিবার সময় বোধ হয় যেন পা কেহ বল পূর্বক ছাড়াইয়া লইবার চেষ্টা করিতেছে । কিন্তু অভ্যাস করিতে করিতে ক্রমে সহজ হইয়া উঠে ।

---

## ২২শ ব্যায়াম ।

প্রকারান্তরে জানু দ্বারা ভূমি স্পর্শন ।

এ ব্যায়ামও পূর্বের মত অভ্যাস করিও ।  
কেবল হস্ত দ্বারা পা ধরিও না । অন্য পা যেন  
স্থানচূর্যত না হয় ।

## ২৩শ ব্যায়াম ।

প্রণাম করা ।

হই পা একত্র করিয়া, পায়ের অঙ্গুলি  
সমানভাবে এক লাইনে রাখিয়া, ও হই হস্ত হই  
উরুর বাহির পাশ্চে সরলভাবে রাখিয়া, সরলভাবে  
দাঢ়াও । ক্রমে হই পায়ের অঙ্গুলির উপর  
সোজা হইয়া দাঢ়াও, এবং ধীরে ধীরে হই জানু  
বক্র করিয়া পায়ের গুল্ফের উপর উপবেশন  
কর । সমস্ত শরীরের ভার যেন হই পায়ের

অঙ্গুলির উপর থাকে, এবং জানু যেন ভূমি  
স্পর্শ না করে। এই অবস্থাতে মস্তক ক্রমে  
ক্রমে সম্মুখে অবনত পূর্বক ভূমি স্পর্শ করিয়া  
ক্রমে ক্রমে উঠিয়া দাঁড়াও। দেখিও যেন পা-  
য়ের অঙ্গুলি এক ভাবে থাকে।

এ ব্যায়াম প্রথমতঃ অতি দুঃসাধ্য বোধ  
হয়। কিন্তু অভ্যাস করিতে করিতে ক্রমে সহজ  
হইয়া উঠে।

## ২৪শ ব্যায়াম।

## উপবেশন।

সোজা হইয়া দাঁড়াও। দুই হাত উরুর  
বাহির পাশ্চে রাখ। দক্ষিণ পা বাম পায়ের বাম  
পাশ্চে রাখিয়া, কুষ্ঠ ঠাকুরের ন্যায় দাঁড়াও।  
এই অবস্থাতে ধীরে ধীরে ভূমির উপর উপ-  
বেশন কর। দেখিও পা যেন কুষ্ঠ ঠাকুরের  
পায়ের ন্যায়ই থাকে। পুনরায় ধীরে ধীরে  
উঠিয়া দাঁড়াও। দেখিও যেন পা পূর্বমত, ও  
দুই হাত দুই উরুর বাহির পাশ্চে পূর্ববৎ  
থাকে।

## ২৫শ ব্যায়াম ।

প্রকারান্তরে উপবেশন ।

সোজা হইয়া দাঁড়াইয়া হস্তদ্বয় সম্মুখে  
বিস্তার কর, এবং দক্ষিণ পদ সরলভাবে সম্মুখে  
উঠাও, যেন উহা শরীরের সহিত সম-কোণ  
করিয়া থাকে । বাম-জানু ক্রমে ক্রমে বক্র  
করিয়া ও দক্ষিণ পা সরল ভাবে রাখিয়া, উপ-  
বেশন কর ।

পুনরায় ধীরে ধীরে উঠিয়া দাঁড়াও, দেখিও  
যেন দক্ষিণ পদ ও হস্তদ্বয় পূর্ববৎ থাকে । ৮ম  
চিত্র দেখ ।

৮ম চিত্র ।



এ ব্যায়াম শীত্র শীত্র অভ্যাস করা যায়  
না । অতি অল্পে অল্পে অভ্যাস করিবে । প্রথমে

ইহা অসন্তুষ্ট বলিয়া বোধ হয়। কিন্তু ক্রমে  
সহজ হইয়া আইসে। ব্যায়ামকারী যে যত্ন  
সহকারে ব্যায়াম অভ্যাস করিয়াছেন, এবং  
তাহার শরীর যে সবল হইয়াছে, এই ব্যায়াম  
করিতে পারিলেই তাহার পরিচয় পাওয়া যায়।  
যে প্রকার দক্ষিণ পদ সরলভাবে সম্মুখে তুলিয়া  
অভ্যাস করিবে, সেই প্রকার বামপদও সরল  
ভাবে সম্মুখে তুলিয়া অভ্যাস করিবে।

### ২৬শ ব্যায়াম।

শূন্যে দুই পা কাওড়া\* দেওয়া।

পদব্যয়ের অঙ্গুলি একত্র করিয়া, হস্তব্য  
পাশে' প্রশারণ পূর্বক, উচ্চ হইয়া পায়ের  
৯ম চিত্র।



\* দক্ষিণ পা বাম দিকে ও বাম পা দক্ষিণ দিকে  
ক্রিয়াইয়া দেওয়াকে কাওড়া দেওয়া কহে।

অঙ্গুলির উপর দাঁড়াইয়া লম্ফ দাও । এবং  
শূন্যেতে হট পা কাওড়া দিয়া ক্রষ্ণচক্রে  
ম্যায় হইয়া, পুনরায় মাটীতে হট পায়ের অঙ্গুলির  
উপর পূর্বমত দাঁড়াও । ৯ম চিত্র দেখ ।

দেখিও পায়ের অঙ্গুলি যেন পূর্ববৎ সরল  
ভাবে থাকে ।

---

### ২৭শ ব্যায়াম ।

পাদ দ্বারা হস্ত স্পর্শন ।

সোজা হইয়া দাঁড়াও । দক্ষিণ হস্ত দক্ষিণ  
দিকে উত্তোলন কর, যেন দক্ষিণ বাহু ও দক্ষিণ  
হস্ত, ক্ষণের সহিত সমান উচ্চে সরলভাবে  
থাকে ।

১০ম চিত্র দেখ ।

১০ম চিত্র ।



দক্ষিণ হস্ত দ্বারা দক্ষিণ পদ স্পর্শ কর।

দক্ষিণ জাহু যেন সরলভাবে থাকে। এই প্রকার  
বাম পায়েও অভ্যাস কর।

### ২৮শ ব্যায়াম।

শূন্যে পদ প্রসারণ।

সোজা হইয়া দাঁড়াও। লম্ফ দাও, এবং  
শূন্যেতে যত দূর পার হই পা প্রসারিত কর।

মতিকা স্পর্শ করিবার পূর্বেই হই পা  
একত্র কর, এবং পূর্ববৎ পূর্ব স্থানে সরলভাবে  
দাঁড়াও।

১১শ চিত্র।



## ২৯শ ব্যায়াম ।

ষষ্ঠি উলঙ্ঘন পূর্বক লক্ষণ ।

পদব্রহ্ম একত্র করিয়া সোজা হইয়া দাঁড়াও।  
একটী লাঠি ছই হাতে মুষ্টি দ্বারা দৃঢ় রূপে ধর।  
ছই হাত যেন পরম্পর ছই হস্ত পরিমিত অন্তরে  
থাকে। সম্মুখে অবনত হও, লাঠি, পায়ের  
অঙ্গুলির সম্মুখে ভূমিতে রাখ, এবং লাফ দিয়া  
লাঠি উলঙ্ঘন কর। এ সময়ে যেন হস্তব্রহ্মের  
মুষ্টি লাঠি হইতে শিথিল না হয়।

পঞ্চান্তরাগে লক্ষ দিয়া পুনরায় পূর্ব  
স্থানে ছই পা লইয়া আইস। এই প্রকার পুনঃ  
পুনঃ অভ্যাস কর।

## ৩০শ ব্যায়াম ।

ছই হস্ত মধ্যে লক্ষণ ।

ছই পা একত্র করিয়া সোজা হইয়া  
দাঁড়াও। ছই হাতের মধ্যমাঙ্গুলির অগ্রভাগ  
পরম্পর স্পর্শ করিয়া সম্মুখে নীচে আন।

ছই হাতের মধ্য দিয়া লম্ফ দাও। দেখিও  
এ সময় যেন ছই হাতের অঙ্গুলি পরম্পর  
সংলগ্ন থাকে। এ প্রকার লম্ফন অভ্যাস  
করিতে হইলে এইটা কর্তব্য যে, লম্ফ দিবার  
সময় মন্ত্রক অধিক উন্নত না হয়। মনোযোগ  
পূর্বক সহজে লম্ফ দিলেই হইবে। দেখিও  
গুটু যেন চিরুকে না লাগে।

জুতা পায়ে দিয়া এ ব্যায়াম অভ্যাস করিও  
না। বিশেষতঃ জুতার গুল্ফ যদি উচ্চ হয়,  
তাহা হইলে হাতে আঘাত লাগিবার সন্তান।

প্যারেলেল বার।

প্রায় ৫ হস্ত দীর্ঘ, ৪ ইঞ্চি বেধ, ৩ ইঞ্চি  
পরিসর, এবং উপরিভাগ ব্রত্তাকার, এ রূপ  
ছইটা কাষ্ঠ খণ্ড, ৪ ফিট উর্বৈ ৪টা খুঁটির উপর  
পরম্পর ১৮-২০ ইঞ্চি ব্যবধানে সমান্তরাল ভাবে  
রাখিবে। ইহাকে প্যারেলেল বার কহে।  
ইহারা পরম্পরাগত নীচের ভূমির সহিত যেন  
সমান্তরাল থাকে। চারিটা খুঁটী, ১ গজ পরিমাণ  
মতিকাতে পুতিয়া রাখিবে। ইহা ইচ্ছামত

উচ্চ বা নিম্ন করিয়া প্রস্তুত করা যায় । পাঁচ  
বৎসর বয়সের ছোট বালক-দিগের জন্য ২ ফিট  
উচ্চ, মধ্য-বয়স্ক বালকদিগের জন্য ৩ ফিট  
উচ্চ, ও যুবক দিগের জন্য ৪ ফিট উচ্চ করিয়া  
প্রস্তুত করিতে হয় । ইহা বাঁশের দ্বারা ও  
প্রস্তুত করা যায় । বাঁশের প্যারেলেল বাঁ  
দীর্ঘকাল স্থায়ী হয় না, মধ্যে মধ্যে, শিথিল  
হইলে, পরিবর্তন করিতে হয় । ইহা কাষ্ঠ  
দ্বারা প্রস্তুত করিতে হইলে, সচরাচর শাল  
অথবা সেগুন কাষ্ঠের ভাল হয় । কাষ্ঠ সারযুক্ত  
দেখিয়া লইতে হয় ।

মদি প্যারেলেল বাঁ এক স্থান হইতে অন্য  
স্থানে লইবার জন্য প্রস্তুত করিতে হয়, তবে  
কাষ্ঠের ফ্রেমের উপর প্রস্তুত করা, এবং ঘোড়ের  
স্থানে ক্ষু অর্ধাং পেঁচযুক্ত কঁটার দ্বারা বন্ধ  
রাখা আবশ্যিক । তাহা হইলে ইচ্ছামত খুলিয়া  
অনায়াসে বাঁধিয়া লওয়া যায় ।

আমি প্রথমে অন্ন ব্যয়ে বাঁশেরই প্রস্তুত  
করিতে পরামর্শ দিই । আমি যে যে স্থানে

ব্যায়াম শিক্ষা প্রদান করিয়াছি, সকল স্থানেই  
বাঁশের দ্বারাই প্রায় যন্ত্র প্রস্তুত করাইয়াছি,  
এবং বালকেরাও তাহাতেই সহজে সকল প্রকার  
ব্যায়াম শিক্ষা করিয়াছে। যে স্থানে অর্থের  
অপ্রাচুর্য না থাকে, সে স্থানে একেবারে  
কাঠের দ্বারা প্রস্তুত করাই কর্তব্য।

---

### ৩১শ ব্যায়াম।


প্যারেলেল বারের উপর আরোহণ।

হই হস্ত দ্বারা পাশ্চের দুইটী বার চাপিয়া  
ধরিয়া হই বারের মধ্যে দাঁড়াও। লম্ফ দিয়া  
উঠিয়া, ও হই বারের উপর হই হস্তের ভর দিয়া,

১২শ, ১৩শ,

১৪শ,

১৫শ, চিত্র।



সরল ও লম্বভাবে শূন্যে অবস্থিতি কর। পুনরায় বার হইতে ভূমিতে অবরোহণ কর। এই প্রকার পুনঃ পুনঃ অভ্যাস কর। ১২শ, ১৩শ, ১৪শ, ও ১৫শ চিত্র দেখ।

---


### ৩২শ ব্যায়াম।

প্যারেলেল বারে দোলন।

১২শ চিত্রের ন্যায় দুই বারের উপর দুই হস্তের ভর দিয়া শূন্যেতে লম্বভাবে থাক। দুই পা সরলভাবে একত্র কর। এই অবস্থাতে পশ্চাতে ও সম্মুখে পদ দ্বারা দুলিতে আরম্ভ কর। দোলন ক্রমে এমত বৃদ্ধি কর ষে, সম্মুখে দুলিতে দুলিতে পদদ্বয় যেন প্রায় মন্তক অপেক্ষা উর্দ্ধে উঠে। ১৬শ ও ১৭শ চিত্র দেখ।

১৬শ,

১৭শ, চিত্র।



## ৩৩শ ব্যায়াম।

প্যারেলেল বারে হস্ত দ্বারা গমন।

হই হাত হই বারের উপরে দিয়া সোজা  
হইয়া হাতের উপর তর দিয়া দাঁড়াও।

হই পা শূন্যে রাখিয়া, ও হই হাতের  
উপর তর রাখিয়া, হই হাত দিয়া ধীরে ধীরে  
বেড়াও। হই পায়ের কার্য হই হস্ত দ্বারা  
সম্পাদন কর। এই প্রকারে যখন হই বারের  
শেষ পর্যন্ত যাওয়া হইবে, তখন ধীরে ধীরে  
হাতের উপর তর দিয়া পঞ্চাং দিকে ফিরিয়া  
আইস। এ সময়ে হই বাহ যেন সরলভাবে  
থাকে, ও হই ক্ষন্ধ যেন কর্ণের নিকট পর্যন্ত না  
যায়। এবং শীত্র শীত্র গমন করিতে শিত্র  
চেষ্টা করিও না।

ইহা অভ্যাস করা নিতান্ত সহজ ব্যাপার  
নহে। প্রথমে দেখিতে সহজ বোধ হয়, কিন্তু  
অভ্যাস করিতে গেলে কঠিন বোধ হয়। অতএব  
ক্রমে ক্রমে অভ্যাস করিতে হইবে।



## ৩৪শ ব্যায়াম ।

পরেলেল বারে ইংরাজি L ( এল ) অঙ্কর হওয়া ।

ইংরাজি এল অঙ্করের মত হইতে হইলে,  
হই বারের উপরে হই হাতের ভর দিয়া শুন্মে  
সোজা হইয়া দাঢ়াও । হই পা বারের সমান  
উর্দ্ধে উভোলন কর । হই জানু সোজা রাখ ।  
হই উক্ত শরীরের সহিত যেন সমকোণ হইয়া  
থাকে । ( ইংরাজি এল অঙ্কতি হইল । )

পুনরায় হই বারের মধ্যে সোজা হইয়া  
দাঢ়াও । হই হাত বারের নীচে দিয়া বাহিরে  
লইয়া বার চাপিয়া ধর । তহাতে ঝুলিয়া  
পুনরায় ইংরাজি এল অঙ্কতি হও । ১৮ শ চিত্র  
দেখ ।

১৮শ চিত্র ।




এই ব্যায়ামে কটিদেশে বল হয়। ইহা  
অভ্যাস করা নিতান্ত আবশ্যক।

## ৩৫শ ব্যায়াম।

পারেলেল বারের উপর উপবেশন।

হই হাত হই বারের উপর রাখিয়া, ও হই  
হাতের উপর ভর দিয়া, শুন্যেতে পা ঝুলাইয়া  
দাঢ়াও। সম্মুখদিকে পা ঝুলাও, বলপূর্বক  
বেগে এক দিকের বারের উপর আরোহণ  
কর। তখন হই পা ঘেন বারের বাহিরে  
ঝোলে, এবং পাছা ঘেন বারের উপরে থাকে।  
এই প্রকার হই দিকের বারে ক্রমে উঠিয়া  
বসিবে। ১৯শ চিত্র দেখ।

১৯শ, চিত্র।



আর একটু বলপূর্বক বেগে উঠলেই  
বার উল্লঙ্ঘন করা যায় । ইহাকে বার ডিঙান  
বলে । সাবধান, যেন দুই জাহু ও পায়ের অঙ্গুলি  
বারে না লাগে ।

---

## ৩৬শ ব্যায়াম ।

প্যারেলেল বারে প্রকারান্তরে উপবেশন ।  
দুই হাতের উপর ভর দিয়া শুন্যেতে পা  
কুলাইয়া বারের উপর দাঁড়াও ।

দুই পা কুলাইয়া, বলপূর্বক বেগে এক  
কালে দুই হাতের সম্মুখে, দুই বারের উপর  
অশ্বারোহণের ন্যায় উপবেশন কর । দুই পা  
দুই বারের বাহিরে ঝুলিবে ।

পরে বেগে বল প্রকাশ পূর্বক দুই পা  
দুই বারের মধ্যে আনিয়া, দুই হাতের পশ্চান্তাগে  
পূর্বে যে মুখে বসিয়াছিলে তাহার বিপরীত  
দিকে মুখ ফিরাইয়া, অশ্বে আরোহণের ন্যায় দুই  
বারের উপর বসিবে । এ সময়ে দুই হাত যেন  
দুই বার ছাড়া না হয়, পূর্ববৎ বারে যেন

সংলগ্ন থাকে, এবং দুই পা যেন বাহিরে  
লম্বমান থাকে।

৩৭শ ব্যায়াম।

বক্ষঃস্থল প্যারেলেল বারে সমান উচ্চ করিয়া রাখ।  
দুই হাতে বার ধরিয়া, হাতের উপর ভর  
দিয়া ও দুই পা শুন্যে লম্বভাবে রাখিয়া দাঁড়াও।

এই অবস্থাতে বক্ষঃস্থল ক্রমে ক্রমে  
অবনত কর। দুই কনুই যেন বক্র হইয়া  
কিঞ্চিং পশ্চাত দিকে যায়, এবং দুই বারের  
সহিত সমান ভাবে উচ্চ থাকে।

এই অবস্থাতে কিঞ্চিংকাল থাকিয়া পুনরায়  
উঠিয়া পূর্ববৎ হও।

এ ব্যায়াম অভ্যাস হইলে বক্ষঃস্থল প্রসা-  
রিত হয়। ২০শ চিত্র দেখ।

২০শ চিত্র।



## ৩৮শ ব্যায়াম ।

প্যারেলেল বারের উপরে লম্ফন ।

হই হাতে হই বার ধরিয়া, হাতের উপর  
ভর দিয়া পা ঝুলাইয়া দাঁড়াও । হই হাতে  
দ্বারা পুনঃ২ লম্ফ দিয়া হই বারের উপর চল ।

ইহা অভ্যাস করিতে হই জানু প্রথমে  
কিছু বক্রভাবে রাখ । ক্রমে হই জানু সরল-  
ভাবে রাখিয়া অভ্যাস কর ।

হস্ত দ্বারা এই প্রকার অভ্যাস হইলে, হই  
জানু সরলভাবে এবং হই পা লম্ফভাবে রাখিয়া,  
পশ্চাত্ত দিকে ও সম্মুখদিকে বারের বাহিরে  
লম্ফ দিয়া ভূমিতে দাঁড়াও । পায়ের অঙ্গুলি বা  
জানু বারে যেন না লাগে ।

## ৩৯শ ব্যায়াম ।

প্যারেলেল বারের সমান্তর হওয়া ।

হই হস্তে হই বার ধরিয়া, হস্তের উপর  
ভর দিয়া, পা শূন্যে লম্বিত রাখিয়া দাঁড়াও ।  
হই কহুই বক্র করিয়া, হস্তের প্রকোষ্ঠ ভাগ

অর্থাৎ কহুই হইতে কব্জি পর্যন্ত বারের উপর  
রাখিয়া, পা ও শরীর বারের সমান্তর করিয়া রাখ ।

এই অবস্থাতে শরীর ও পা শূন্যেপরি  
রাখ । দুই কহুই যেন বার হইতে অপস্থত না  
হয় । ২১শ চিত্র দেখ ।

২১শ চিত্র ।



কিছুকাল এই রূপ লিখিত থাকিয়া, পুনরায়  
হই হাতের উপর ভর দিয়া উঠিয়া পূর্ববৎ  
দাঢ়াও । পুনঃ পুনঃ এই প্রকার অভ্যাস কর ।

~~~~~  
৪০শ ব্যায়াম ।

বারের উপর দণ্ডয়মান হওয়া ।

এ ব্যায়াম শিক্ষা করিলে কার্য্য দর্শে ।  
এক দিকের বারের উপর বসিয়া এক পা বারের  
উপর রাখ । আর এক পায়ের অঙ্গুলি বারের  
নীচে দিয়া ঘুরাইয়া ধর, এবং দুই হাত শূন্যে

নিঃক্ষেপ করিয়া শরীর স্থির রাখ । ২২শ  
চিত্র দেখ ।

২২শ চিত্র ।



বারের নীচের পায়ের অঙ্গুলি টানিয়া  
লইয়া বারের উপর সোজা হইয়া দাঢ়াও, এবং  
হই পা বারের উপর এক স্থানে কর ।

পূর্বের ব্যায়াম সকল ভাল অভ্যাস না  
হইলে এ ব্যায়াম অতি কঠিন বোধ হয় ।

৪১শ ব্যায়াম ।

প্যারেলেল বারে বাজিকরা ।


বারের এক সীমা দুই হাতে ধরিয়া  
ইংরেজী এল আকৃতি হও । এই অবস্থায়  
ডিগবাজী খাও, অর্থাৎ ক্রমে দুই পা উর্দ্ধ দিকে  
লইয়া আইস । এ সময় দুই হাঁটু যেন সোজ  
থাকে ।

পুনরায় বেগে উলটা পাকে দুই পা  
যুরাইয়া পূর্ববৎ হও। এ সময়েও দুই জানু  
য়েন সোজা থাকে এবং দুই পা যেন ভূমিতে  
সংলগ্ন না হয়। ২৩শ, ২৪শ, ও ২৫শ, চিত্র  
দেখ।

২৩শ,

২৪শ,

২৫শ চিত্র।



### ৪২শ ব্যায়াম।

প্যারেলেল বারে হস্তপদ সংলগ্ন  
করিয়া শরীর ঝুলাইয়া রাখ।

দুই হাতে দুই বার ধরিয়া জানুবয়ের  
ঘারা বারের উপর বসিয়া ক্রমে ক্রমে দুই হাত  
সম্মুখে ও দুই পা পশ্চাতে প্রসারিত কর।

দুই হস্তপদ ঘারা দুই বারের দুই দিক  
ধর এবং শরীর ক্রমে ঝুলাইয়া দাও।

উদর ও কটিদেশ লম্বিত হইয়া পড়িবে।  
হাতে ও পায়ে দুই দিকের বার ভাল করিয়া  
ধরিবে।

ভয় পাইতেনা । পুনর্বার ধীরে ধীরে  
পূর্ববৎ লইয়া উঠ । ২৬শ চিত্র দেখ ।  
২৬শ, চিত্র ।



## ৪৩শ ব্যায়াম ।

প্যারেলেল বারের এক বার হইতে  
হস্ত লইয়া অন্য বার স্পর্শ করা ।

হই হাতে হই বার ধরিয়া হই হাতের  
উপর ভর দিয়া শূন্যেতে হই প ঝুলাইয়া  
ঢাঢ়াও ।

হঠাৎ বেগে দক্ষিণ দিকের বার হইতে  
দক্ষিণ হস্ত লইয়া বাম দিকের বার স্পর্শ করিয়া,  
পুনরায় তৎক্ষণাত সেই দক্ষিণ হস্তে দক্ষিণ  
দিকের বার ধর ।

এই প্রকার বাম হস্ত দ্বারা দক্ষিণ দিকের  
বার স্পর্শ কর । দেখিও যেন পড়িয়া যাইতেনা ।

এটা অভ্যাস হইলে হাত পঞ্চাং দিক  
দিয়া লইয়া বার পূর্ববৎ স্পর্শ কর ।

## হরিজন্ট্যাল বার।

এটা অতি সাধারণ যন্ত্র। দুইটা খুঁটীর  
উপর একটা লম্বা গোল পরিষ্কৃত বাঁশ  
আড় ভাবে পড়িয়া থাকে। তাহাকে হরি-  
জন্ট্যাল বার কহে।

যে ব্যক্তির ব্যায়ামের জন্য ইহা প্রস্তুত  
হয়, তাহার আপনার উচ্চতা অনুসারে ইহার  
খুঁটীর উচ্চতা হওয়া উচিত, যাহাতে ব্যায়ামকারী  
সরল ভাবে দাঁড়াইয়া ঈষৎ লক্ষ দিয়া ধরিতে  
পারে।

হরিজন্ট্যাল বার কিছু উচ্চ হওয়া আব-  
শ্যক। ইহা ৪ হস্ত হইতে ৫০ বা ততোধিক  
দীর্ঘ হওয়া বিধেয়।

সেগুণ বা শাল কাষ্ঠের হইলে ভাল হয়।  
উহা উভয় রূপে পরিষ্কার করিয়া গোল করিতে  
হয়। ইহাতে ধার ঘেন না থাকে। কারণ  
তাহা হইলে হাতে আঘাত লাগিবে। কাষ্ঠ  
অভাবে ভাল পাকা বাঁশের স্বার্ব প্রস্তুত করিলেও  
হইতে পারে।

ହଇ ଦିକେର ଖୁଟୀ କାଠେର ହଇଲେ ଭାଲ ହ୍ୟ ।  
ଶାଲ ଓ ମେଘଣ କାଠେର ଖୁଟିଟ ଭାଲ । କଟ  
ଅସାର ନା ହ୍ୟ, କିଞ୍ଚା ତାହାତେ ଗିରା ଯେନ ନା  
ଥାକେ ।

ଖୁଟୀ ହଇ ହାତ ପରିମାଣ ଯେନ ଯୁଭିକାତେ  
ପୋତା ଥାକେ ଏବଂ ଉହାର ଗର୍ତ୍ତ ଯେନ ଇଷ୍ଟକାଦି  
କଟିନ ଦ୍ରବ୍ୟେର ଦ୍ଵାରା ବନ୍ଧ କରା ହ୍ୟ । ଯୁଭିକା  
ଦ୍ଵାରା ଗର୍ତ୍ତ ପୂରାଇଲେ, କିଛୁ କାଳ ନାଡ଼ା ଚାଡ଼ା କରିଲେ  
ବ୍ୟାଯାମେର ସମୟ ଖୁଟୀ ଠିକ ଥାକେ ନା ।

ହରିଜଣ୍ଟ୍ୟାଲ ବାରେର ନ୍ୟାୟ ଖୁଟୀ ଓ ବାଁଶେର  
ପ୍ରସ୍ତ୍ରତ କରା ଯାଯ । ପ୍ରତି ଖୁଟୀର ହଇ ଧାରେ ହୁହଟି  
ଟେକ୍ନା ଦିଲେ ଶକ୍ତ ହଇବେ ଏବଂ ବ୍ୟାଯାମେର ସମୟ  
ଠିକ ଥାକିବେ ।

ହରିଜଣ୍ଟ୍ୟାଲ ବାର ବହ ପ୍ରକାରେ ପ୍ରସ୍ତ୍ରତ କରା  
ଯାଇତେ ପାରେ ।

ହରିଜଣ୍ଟ୍ୟାଲ ବାରେର ହଇ ପାଶ୍ । ସମ୍ମୁଖ ପାଶ୍  
ଓ ପଞ୍ଚାଂ ପାଶ୍ । ବାରେର ସେ ପାଶ୍ ବ୍ୟାଯାମ-  
କାରୀର ସମ୍ମୁଖେ ଥାକେ ସେହି ପାଶ୍କେ ବାରେର  
ସମ୍ମୁଖ-ପାଶ୍, ଏବଂ ତାହାର ବିପରୀତ ପାଶ୍କେ

বারের পশ্চাত্ত-পাশ' কহে। ব্যায়ামকারী এই  
হইটী বিষয় তাল করিয়া মনে রাখিবেন, কেননা  
ব্যায়াম সময় ইহার আবশ্যক হইবে।

### ৪৪শ ব্যায়াম।

সমস্ত অঙ্গুলি উপরে রাখিয়া হরিজন্ট্যাল  
বারের সম্মুখ পাশ' ধর।

মণিকা হইতে দ্বিতীয় লক্ষ্ম দিয়া দুই হাতে বার  
চাপিয়া ধর। ২৭শ চিত্র দেখ।

২৭শ চিত্র।



বারের সম্মুখ-দিকে হাতের তালু যেন  
সংলগ্ন হয়, এবং সমস্ত অঙ্গুলি যেন বারের  
উপর দিকে লম্ব হইয়া থাকে।

## ৪৫শ ব্যায়াম ।

সমস্ত অঙ্গুলি উপরে রাখিয়া হরিজন্টাল  
বারের পশ্চাং পাশ্চাং ধরা ।


মুক্তিকা হইতে উষ্ণ লম্ফ দিয়া বারে  
পশ্চাং দিক চাপিয়া ধর। হাতের তালু যে  
বারের পশ্চাং দিকে সংলগ্ন হয়, এবং সমস্ত  
অঙ্গুলি যেন বারের উপরে লগ্ন হইয়া থাকে  
কিছু কাল ঝুলিয়া নিম্নে নাম ।

---

## ৪৬শ ব্যায়াম ।

হস্তের বৃক্ষাঙ্গুষ্ঠ স্বতন্ত্র করিয়া হরিজন্টাল বারের সমুখ  
৪৩শ ব্যায়ামের ন্যায় বারের সমুখ পাশ

২৮শ, ২৯শ চিত্র ।



ধর। পরে বৃন্দাঙ্গুলি অন্যান্য অঙ্গুলি হইতে  
স্বতন্ত্র করিয়া, তাহার দ্বারা বারের নিম্ন ভাগ  
ধর এবং বারের সহিত দৃঢ় রূপে সংলগ্ন কর।  
কিয়ৎকাল এই ভাবে থাকিয়া নীচে নাম।  
২৮শ ও ২৯শ চিত্র দেখ।

### ৪৭শ ব্যায়াম।

বৃন্দাঙ্গুষ্ঠ স্বতন্ত্র করিয়া হরিজন্ট্যাল বারের পশ্চাত্ত পার্শ্বধর।

৪৪শ ব্যায়ামের ন্যায় বারের পশ্চাত্ত  
পার্শ্বধর।

পরে বৃন্দাঙ্গুলি অন্যান্য অঙ্গুলি হইতে  
স্বতন্ত্র করিয়া বারের নীচে, এবং বারের সহিত  
দৃঢ় রূপে সংলগ্ন কর। কিয়ৎকাল এই রূপে  
ছলিয়া নীচে নাম। ২৯শ চিত্র দেখ।

### ৪৮শ ব্যায়াম।

হরিজন্ট্যাল বারে দোলন।

লম্ফদিয়া উঠিয়া দুই হস্ত দ্বারা বার ধর।  
দুই হস্তের বৃন্দাঙ্গুলি ও অন্যান্য অঙ্গুলি যেন  
বারের এক দিকে সংলগ্ন থাকে। এবং দোল।


শরীর ও জানু যেন সরলভাবে থাকে।  
এইটী মনোযোগ পূর্বক অভ্যাস করিতে হইবে।  
দেখিও যেন এ সময়ে শরীর বক্র হইয়া  
যুরিয়া না যায়।

প্রথমে বাম হস্তে, পরে দক্ষিণ হস্তে দো-  
লন অভ্যাস করিতে হইবে। ২৮শ চিত্র দেখ।

---

## ৪৯শ ব্যায়াম ।

হরিজন্ট্যাল বার ধরিয়া গমন।  
বার ধরিয়া দোল, এবং দুই হাতে, অগ্র-  
পশ্চাত্ করিয়া, বারের একদিক হইতে অপর  
৩০শ চিত্র।



দিকে যাও। যে প্রকারে এক দিক হইতে অন্য দিকে যাইবে, ধীরে ধীরে পুনরায় সেই প্রকারে ফিরিয়া আসিবে।

হই পা যেন সোজা থাকে ও পরম্পর যেন আঘাত না করে।

যখন এটী ভাল রূপ শিক্ষা হইবে তখন বারের হই পাশ্চে একেবারে হই হস্ত দ্বারা গমন করা অভ্যাস করিবে। ৩০শ চিত্র দেখ।

### ৫০শ ব্যায়াম।


হরিজন্টাল বারে বক্ষঃস্থল সংলগ্ন করণ।

বার ধরিয়া ঝুলিয়া ক্রমে সমস্ত শরীর সরল ভাবে রাখিয়া উপরে টানিয়া তোল, এসময় বক্ষঃস্থল যেন বার স্পর্শ করে। পরে ক্রমে ক্রমে শরীর নীচে লইয়া আইস। কিছু কাল ঝুলিয়া থাকিয়া পুনরায় শরীরকে পূর্ববৎ বেগে উপরে উঠাও। এইটি পুনঃ পুনঃ অভ্যাসকরিতে হইবে। এইটি অভ্যাস হইলে অন্যান্য কঠিন ব্যায়াম সহজ বোধ হইবে।

এইটী অভ্যাস করিবার সময় দুই পা সরল  
ভাবে রাখিতে হইবে ।

যখন দেখিবে ক্রমানুয়ে ১০।১২ বার এ  
ব্যায়াম অভ্যাস করিলেও বিশেষ প্রিণ্ঠন বোধ  
হয় না, তখন বুঝিবে এইটী অভ্যাস হইয়াছে ।  
৩১শ চিত্র দেখ ।

৩১শ চিত্র ।



৫১শ ব্যায়াম ।

প্রকারান্তরে হরিজন্ট্যাল বার ধরিয়া দোলন ।  
এ ব্যায়াম অভ্যাস করিতে হইলে, হরি-  
জন্ট্যাল বার বিশেষ দৃঢ় করিয়া প্রস্তুত করিতে  
হইবে ।

হই দিকের খুঠী যেন ভাল রূপ পেঁতা  
থাকে। বারের হই দিক যেন খুঠীর সহিত ভাল  
রূপ বন্দ থাকে, যেন কোন ক্রমে শিথিল  
অথবা ভগ্ন ন হয়।

বার ধরিয়া দোল, এবং ঘড়ির পেঙ্গুলম  
বা দোলনের ন্যায় ক্রমে দুলিতে থাক। ক্রমে  
দোলন অধিক কর, যে পর্যন্ত পড়িয়া যাইবার  
উপক্রম না হয়।

প্রথমে এ ব্যায়াম অভ্যাস করিতে ভয়  
করে। যখন ক্রমে অভ্যাস হইবে তখন সমুদায়  
শরীর দুলিয়া বারের সমান উচ্চে উঠিবে। হই  
হাত কেবল বারের সহিত সংলগ্ন মাত্র থাকিবে।  
৩২শ ও ৩৩শ চিত্র দেখ।

৩২শ চিত্র।

৩৩শ চিত্র।



৫২শ ব্যায়াম।

বৃহৎ চক্র।

এইটী অতি আশ্চর্য ব্যায়াম। বারে

পূর্ববৎ দোল । যখন পঞ্চাং দিকে উচ্চ হও,  
তখন সমস্ত শরীরের জোর দিয়া ডিগ্বাজী  
খাইয়া একবারে বারের উপর দিয়া ঘুরিয়া  
আইস ।

পূর্ব ব্যায়াম যাহাদিগের অভ্যাস হয় নাই  
তাহারা যেন এ ব্যায়াম অভ্যাস করিতে চেষ্টা  
না করে । ৩৪শ চিত্র দেখ ।

৩৪শ চিত্র ।



৫৩শ ব্যায়াম ।

পদ দ্বারা হরিজন্ট্যাল বার স্পর্শ করা ।

হই হাতে বার ধরিয়া তুলিয়া, ক্রমে  
ক্রমে শরীর উপরে তুলিয়া হই পায়ের তলার

দ্বারা বার স্পর্শ কর। এ সময়ে দুই পা একত্র  
রাখিতে হইবে।

সমস্ত শরীরের ও মাথার ভর দুই হাতের  
উপর রাখিবে। বেগে ঝাঁকি দিয়া এ ব্যায়াম  
অভ্যাস করিও।

ক্রমে ক্রমে নীচেনাম। এ ব্যায়াম প্রথমে  
কঠিন বোধ হইবে কিন্তু অভ্যাস দ্বারা সহজ  
হইয়া যাইবে। ৩৫শ চিত্র দেখ।

৩৫শ চিত্র।



৫৪শ ব্যায়াম।


হরিজন্ট্যাল বারের উপর বেগে আরোহণ কর।

দুই হাত দিয়া বার চাপিয়া ধরিয়া বক্ষের  
দ্বারা বার স্পর্শ কর। তাহার পর হঠাৎ বেগ  
দিয়া দুই হস্তের উপর ঢেলিয়া উঠ।

এই রূপ ঠেলিয়া উঠিবার সময় প্রথমে দক্ষিণ হস্তের, পরে বাম হস্তের উপর, এবং তৎপরে একেবারে ছুই হস্তের উপর ভর দিয়া ঠেলিয়া উঠিবে । এ সময় হস্তব্য যেন সোজা হয়, এবং ছুই উরুর উপরিভাগ যেন বার স্পর্শ করে । ৩৬শ ও ৩৭শ চিত্র দেখ ।


৩৬শ চিত্র ।

৩৭শ চিত্র ।



এ ব্যায়াম অভ্যাস সময়ে শরীর বার হইতে অঙ্গুলি প্রমাণ দূরে রাখা ভাল, কেন না বারের সহিত শরীর সংযোগ হইয়া থাকিলে, ব্যায়ামের ব্যাঘাত হইবার সম্ভাবনা । পর পৃষ্ঠায় ৩৮শ চিত্র দেখ ।


৩৮শ চিত্র।



৫৫ ব্যায়াম।

হরিজন্ট্যাল বারে বাজি কর।

হই হাত দিয়া বারে ঝুলিয়া, পায়ের দ্বারা  
বার স্পর্শ করিবার সময় ঘেরুপ পা উত্তোলন  
৩৯শ চিত্র।



করিতে হয়, সেই প্রকার পা উত্তোলন কর।  
 কিন্তু বারে পাদ স্পর্শ না করিয়া, অন্তে অন্তে  
 পশ্চাং দিকে ঝুলাইয়া দাও। পরে যত ক্ষণ  
 পার তত ক্ষণ এই ভাবে ঝুলিয়া, পুনরায় দুই পা  
 ফিরাইয়া আনিয়া ভূমিতে দাঁড়াও। ৩৯শ চিত্র  
 দেখ।


---

## ৫৬ ব্যায়াম ।

হরিজন্ট্যাল বার প্রদক্ষিণ ।

বার ধরিয়া ঝুলিয়া শরীর ও পা উর্ধ্বে  
 নিক্ষেপ কর, যেন বারে পদাঘাত করিতে  
 যাইতেছ। কিন্তু তাহা না করিয়া, দুই পা সোজা

৪০শ চিত্র।




ভাবে রাখিয়া, বল পূর্বক বেগ দিয়া একে-  
বারে বারের উপর দিয়া প্রদক্ষিণ করিয়া পুনরায়  
ভূমিতে নাম। ৪০শ চিত্র দেখ।

### ৫৭ ব্যায়াম।

হরিজন্ট্যাল বারে ইংরেজী এল (L) অক্ষর হওয়া।

ছই হাত দিয়া বার ধরিয়া দোল, এবং ছই  
পা উদ্ধৃত দিকে উভোলন কর। শরীরের সহিত  
সম-কোণ ভাবে ছই পা তুলিয়া রাখ। পা  
মাটিতে নামাইবার পূর্বে এক ছই করিয়া পঞ্চাশ  
পর্যন্ত গণনা কর। তৎপরে পা মাটিতে নামাও।  
৪১শ চিত্র দেখ।

৪১ চিত্র।



## ୫୮ ବ୍ୟାୟାମ ।

ହାତ ଓ ହାଁଟୁ ଦିଯା ହରିଜଣ୍ଟ୍ୟାଲ ବାର ପ୍ରଦକ୍ଷିଣ ।

ହରିଜଣ୍ଟ୍ୟାଲ ବାର ହୁଇ ହାତେ ଧର । ଏକ ପାଯେର ହାଁଟୁର ପଞ୍ଚାଂ ଭାଗ ଦିଯା ବାର ଟିପିଯା ଧର,  
ଅନ୍ୟ ପା ନୀଚେ ସୁଲାଇୟା ଦିଯା ଛୁଲିଯା ପିଛନ ଦିକେ  
ଉଳ୍ଟୀଯା ପଡ଼, ଏବଂ ବେଗେ ସୁରିଯା ଆଇସ ।

ସଥନ ପଞ୍ଚାଂ ଦିକ୍ ଦିଯା ଘୋରା ବିଲଙ୍ଗ  
ଅଭ୍ୟାସ ହୁଇବେ, ତଥନ ସମ୍ମୁଖ ଦିଯା ଘୋରା ଅଭ୍ୟାସ  
କରିବେ । ସେ ସମୟ ହୁଇ ହାତେ ବାରେର ପଞ୍ଚାଂ  
ଦିଗ୍ ଧରିତେ ହୁଇବେ, ଏବଂ ହୁଇ ପା ପରମ୍ପର  
ଅନ୍ତରିତ କରିଯା ସୁରିତେ ହୁଇବେ ।


## ୫୯ ବ୍ୟାୟାମ ।

ହଞ୍ଚ ପଦ ହରିଜଣ୍ଟ୍ୟାଲ ବାରେ ସଂଲଗ୍ନ କରିଯା ଶରୀର ସୁଲାନ ।  
ହୁଇ ପାଯେର ତଳାର ଉପରି-ଭାଗେର ଦ୍ଵାରା ଦୃଢ଼  
ରୂପେ ବାର ଧର, ଏବଂ ଏହି ଅବସ୍ଥାଯ ହୁଇ ବାହର  
ମଧ୍ୟ ଦିଯା ସମଞ୍ଚ ଶରୀର ବାହିର କରିଯା ଦାଓ ।  
ଏସମୟ ହୁଇ ପା ଯେନ ବାରେତେହି ସଂଲଗ୍ନ ଥାକେ,  
ଏବଂ ହାତ ଦିଯା ଯେନ ବାର ଧରା ଥାକେ । ଏହି

ভাবে যতক্ষণ পার থাক, পরে পূর্ববৎ হও।

৪২শ চিত্র দেখ।


৪২শ চিত্র।



### ৬০ ব্যায়াম।

ইরিজন্ট্যাল বারে ফড়িও হওয়া।

বারের উপর পা ঝুলাইয়া বসিয়া হই হাত  
দিয়া বার দৃঢ়-রূপে ধর। পরে ধীরে ধীরে  
৪৩শ চিত্র।



ସମ୍ମୁଖେ ଗଡ଼ାଇୟା ( ବାର ପୂର୍ଣ୍ଣରେ ଉପରିଭାଗ ଲଞ୍ଚି  
କରା ପର୍ଯ୍ୟନ୍ତ ) ନାମ । ଏହି ଅବସ୍ଥାତେ ଦୁଇ  
ହାତ ଫଡ଼ିଦେଇ ଦୁଇ ପାଯେର ନ୍ୟାୟ ଉପରେ ଉଚ୍ଚ  
କରିଯା ରାଖ । ପୁନରାୟ ଶରୀର ଉତ୍ତୋଳନ କରିଯା  
ବାରେର ଉପର ପୂର୍ବବଂ ବସୋ । ଏ ଅତି କଟିନ  
ବ୍ୟାୟାମ । ଇହା ଅଭ୍ୟାସ କରିତେ ଦୁଇ କାଥ ଅତ୍ୟନ୍ତ  
କିଷ୍ଟ ହସ । କିନ୍ତୁ ଅଭ୍ୟାସ କରା ନିତାନ୍ତ କର୍ତ୍ତବ୍ୟ ।  
୪୩ ଚିତ୍ର ଦେଖ ।


---

## ୬୧ ବ୍ୟାୟାମ ।

ହରିଜନ୍ଟ୍ୟାଲ ବାରେର ଉପର ଦାଡ଼ାନ ।

ବାରେର ଉପରେ ବସିଯା ଦୁଇ ପା ପରମ୍ପର ଅନ୍ତରିତ  
କରିଯା ଝୁଲାଇୟା ଦାଓ, ଏବଂ ଦୁଇ ପାଯେର  
ମଧ୍ୟ ଦିଯା ବାର ଧର ।

୪୪ଶ ଚିତ୍ର ।



বেগে উঠিয়া বারের উপরে দুই পায়ের  
তলা লইয়া আইস, এবং সাবধানে বারের উপরে  
দাঢ়াও।

এ ব্যায়ামে যত কোশল আবশ্যক, বল  
তত আবশ্যক করে না। ৪৪শ চিত্র দেখ।

### ৬২ ব্যায়াম।

হরিজন্ট্যাল বারে জানু সংলগ্ন করিয়া দোলা।

বারের উপর বসো, এবং দুই হাতে বার  
ধরিয়া পশ্চাদিকে নামিয়া পড়। জানু বক্রভাবে  
রাখ, এবং তাহার দ্বারা বার টিপিয়া ধরিয়া  
মস্তক ঝুলাইয়া রাখ।

দুই জানুর দ্বারা দোলা অভ্যাস হইলে, একটী  
জানু খুলিয়া লইয়া কেবল অপর জানুর দ্বারা  
হলিতে অভ্যাস কর।

৪৫ চিত্র




জানুর দ্বারা দৃঢ় করিয়া বার ধরিতে হইবে।  
৪৫ চিত্র দেখ ।

৬৩ ব্যায়াম ।

হরিজন্ট্যাল বারে পায়ের পাতা সংলগ্ন করিয়া খোলা।  
ছই হাতে বার ধরিয়া ছই পা বারের উপর  
উত্তোলন কর, এবং ছই পায়ের পাতা বারের  
উপরি ভাগে দিয়া দৃঢ় করিয়া চাপিয়া ধর।  
ছই হাত বার হত্তিতে ছাড়িয়া দিয়া এবং শরীর  
না দোলাইয়া, সম্যক্ রূপে নিম্নে ঝুলাইয়া  
রাখ ।

যদি শরীর পুনরায় পূর্ববৎ উঠাইতে না  
পার, তবে ছই হাত অগ্রে ভূমিতে দিয়া পরে  
ছই পা ভূমিতে নামাও । ৪৬ চিত্র দেখ ।

৪৬ চিত্র ।




৬৪ ব্যায়াম।

হরিজন্ট্যাল বারে কনুই স্থাপন।

হরিজন্ট্যাল বার দুই হাতে ধরিয়া বারের  
উপর উঠিয়া, হাতের প্রকোষ্ঠ (কব্জি হইতে  
কনুই পর্যন্ত মধ্যবর্তী স্থান) বারের উপর রাখ।  
এবং শরীরের সমস্ত তার তহপরি রাখিয়া শূন্যে  
শরীর ঝুলাইয়া রাখ। ৪৭শ চিত্র দেখ।

৪৭ চিত্র



৬৫ ব্যায়াম।

ওষ্ঠ দ্বারা হরিজন্ট্যাল বার স্পর্শন।

পূর্ববৎ উঠিয়া জঙ্ঘা ও কটিদেশ দ্বারা


বার স্পর্শ করিয়া, ও ধীরে ধীরে অবনত হইয়া,  
ওষ্ঠ দ্বারা বার স্পর্শ কর ।

## ৬৬ ব্যায়াম ।

মাস্তুল বা শুপারি গাছে আরোহণ ।

ইহাতে সাধরণতঃ হাত ও দুই পা ব্যব-  
হার করিতে হয় । দুই হাত ও দুই পা অগ্র  
পশ্চাত্ করিয়া ধীরে ধীরে ক্রমে ক্রমে উচ্চে  
উঠিতে হয় । দেখ সমস্ত শরীর মাস্তুলে না  
লাগিয়া, মাস্তুল হইতে যেন অন্তরে থাকে ।  
৪৮শ চিত্র দেখ ।

৪৮শ চিত্র ।



## ৬৭ ব্যায়াম।

প্রকারান্তরে মাস্তুলে আরোহণ।

পূর্বের ব্যায়াম অভ্যাস হইলে এ ব্যায়াম  
অভ্যাস করিতে হইবে।

ছই হাত দিয়া মাস্তুল জড়াইয়া ধরিয়া ও  
মাস্তুলের ছই পাশে ছইপা আবদ্ধ করিয়া, পরে  
এ স্থান হইতে ছই হাত লইয়া মাস্তুলের  
উচ্চতর অংশ ধরিবে।

তখন শরীর ও পা মাস্তুলের সহিত সরল  
ভাবে সংলগ্ন হইবে। পরে ছই হাতে দৃঢ় রূপে  
মাস্তুল ধরিয়া, ছই পা একবারে ছাড়িয়া দিয়া  
পুনরায় মাস্তুলের উচ্চতর অংশ পায়ের দ্বারা  
ধরিবে। এই প্রকারে মাস্তুলে ঠো প্রথমে  
আস্তে আস্তে অভ্যাস করিবে। ভালুকপ  
অভ্যাস হইলে, দ্রুত বেগে ঠো অতি সহজে  
অভ্যাস হইবে।

প্রথম ভাগ

সমাপ্ত।

# ଅଶ୍ଵନ୍ତ ସଂଶୋଧନ ।

| ପୃଷ୍ଠା । | ପରିକଳ୍ପି । | ଅଶ୍ଵନ୍ତ । | ଶ୍ଵର ।    |
|----------|------------|-----------|-----------|
| ୫        | ୨          | ନିନିତ     | ନିମିତ     |
| ୯        | ୧୨         | ହ୍ୟାନ     | ହ୍ୟାନ     |
| ୧୦       | ୧୧         | ହ୍ୟନାଧିକ  | ହ୍ୟନାଧିକ  |
| ୧୭       | ୧୨         | ଶିତ୍ର     | ଶୀତ୍ର     |
| ୨୦       | ୨          | ଉର୍କ୍କ    | ଉର୍କ୍କ    |
| ୨୦       | ୪          | ଉର୍କ୍କେ   | ଉର୍କ୍କେ   |
| ୨୨       | ୧୮         | ଉର୍କ୍କେ   | ଉର୍କ୍କେ   |
| ୩୨       | ୧୩         | ସଞ୍ଚାନ    | ସଞ୍ଚାନ    |
| ୩୪       | ୬          | ଭୂମି      | ଭୂମି      |
| ୩୭       | ୨୨         | ପ୍ରଶାରଣ   | ପ୍ରଶାରଣ   |
| ୪୦       | ୨          | ଉଲଙ୍ଘନ    | ଉଲଙ୍ଘନ    |
| ୪୫       | ୧୦         | ଶିତ୍ର     | ଶୀତ୍ର     |
| ୪୬       | ୮          | ଅକ୍ରତି    | ଆକ୍ରତି    |
| ୪୬       | ୧୧         | ତହାତେ     | ତାହାତେ    |
| ୪୬       | ୧୨         | ଅକ୍ରତି    | ଆକ୍ରତି    |
| ୪୯       | ୩          | ବାରେ      | ବାରେର     |
| ୫୩       | ୨          | କ୍ରମେ     | କ୍ରମେ     |
| ୫୯       | ୧          | ପାଶ       | ପାଶ       |
| ୬୬       | ୧୨         | ପୃଷ୍ଠାଯାର | ପୃଷ୍ଠାଯାର |



# বিজ্ঞাপন ।

ব্যায়াম শিক্ষ। ।

প্রথমভাগ ।

চূড়া

কাঠালপাড়। বঙ্গদর্শন কার্য্যালয়ে,  
কলিকাতা বঙ্গবাজার টী ট ১২ নং বাটিতে।

„ অমৃত বাজার পরিকা কার্য্যালয়ে,

„ সংস্কৃত ডিপজিটরিতে এবং

„ বটতলা বেণীমাধব দে এন্ড কোম্পানি  
নিকট বিক্রয়ার্থে প্রস্তুত আছে।

কেহ ১২ খণ্ডের অভিবিক্ত লইলে শতকর  
২৫, টাকার হিসাবে কমিশন পাইবেন।

শ্রীহরিশচন্দ্ৰ শৰ্ম্মা ।